প্রবাহ

বার্ষিক পত্রিকা, জঙ্গিপুর কলেজ

২০১৪ - ২০১৫



NSS ROAD RALLY

District Level Quitz
Competition Winner

Wining team of
Presidency Division
Youth Parliament
Competition



College Foundation Day celebration

প্রবাহ

বার্ষিক পত্রিকা

জঙ্গিপুর কলেজ

২০১৪ - ২০১৫

Jangipur College

Govt. Sponsored
NAAC Accredited
P.O.-Jangipur, Dist.-Murshidabad, Pin-742213, Phone No: 03483-264226
Website: jangipurcollege.in, e-mail:jangipurcollege@yahoo.com

PROBAHO

Annual Magazine 2014-2015
Jangipur College, Murshidabad

উপদেষ্টা মণ্ডলী
শ্রী ভজনকুমার সরকার
ড. অসীমকুমার মণ্ডল
ড. নবকুমার ঘোষ
শ্রী প্রীতিময় মজুমদার
ড. হেনা সিন্‌হা
শ্রী বাসুদেব চক্রবর্তী
শ্রী কেশবচন্দ্র ঘোষ

ভারপ্রাপ্ত সম্পাদক
শ্রী নুরুল মোর্তজা

প্রকাশ কাল
ফেব্রুয়ারি ২০১৫

গ্রন্থস্বত্ব
অধ্যক্ষ / ভারপ্রাপ্ত অধ্যক্ষ
জঙ্গিপুর কলেজ, মুর্শিদাবাদ

প্রচ্ছদ
অভিজিৎ রায়

আলোকচিত্র
শ্রী কৃষ্ণেন্দু পালচৌধুরী
শ্রী সৌম্য চক্রবর্তী

অক্ষর বিন্যাস
আকাশ
ডি-২১, নেতাজী মার্কেট, বহরমপুর, মুর্শিদাবাদ

জঙ্গিপুর কলেজের পক্ষে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. অসীমকুমার মণ্ডল কর্তৃক প্রকাশিত এবং
আকাশ, ৫২/জি/১, ডলি আবাসন, বাবুপাড়া, গোরাবাজার, বহরমপুর, মুর্শিদাবাদ থেকে মুদ্রিত।

সূচীপত্র

সম্পাদকীয়		৪
ভারপ্রাপ্ত অধ্যক্ষের কলমে		৫
দেশের শিক্ষা ব্যবস্থা — দায় ও দায়িত্ব	ভজনকুমার সরকার	৭
এক নজরে বাংলা ছন্দ	ড. অসীমকুমার মণ্ডল	১৩
প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যে নারীচেতনা	ডঃ হেনা সিনহা	২৬
সতীদাহ ঃ প্রথা ও সমাজ	সুশেন্দু বিশ্বাস	৩৩
ঔরাঙ্গজেব-দুহিতা জেবউন্নিসা	দোলনচাঁপা ঘোষ	৩৮
সাদা কালো ছবি	আশিস রায়	৪২
দরজিপাড়ার হালহকিকত : একটি সমীক্ষা		৪৩
Indian Economy : Hopping for better tomorrow.	Pritimoy Majumder	৪৬
Equivocation of Evil & the Discourse of Ambivalence in *Macbeth*	Basudeb Chakrabarti	৪৯
Human Rights and State Politics In India – A Case Study of Assam	Koyel Basu	৫৮
The True story of the Universe	Subhra Debnath & Soumendra Nath Ruz	৭৩
প্রাণের প্রাণ হনন	সাহাবুল সেখ	৮৬
শিক্ষার গুরুত্ব	ওবাইদুর রহমান	৯০
কিছুক্ষণ	সালমান ইসলাম	৯১
দুটি কবিতা	ড. বিমলচন্দ্র বণিক	৯২
দুটি কবিতা	নিমাইচন্দ্র সাহা	৯৩
দুটি কবিতা	অপর্ণাপ্রসাদ চক্রবর্ত্তী	৯৪
দুটি কবিতা	রীণা কংসবণিক	৯৫
List of Governing Body of Jangipur College & Teaching, Non-Teaching Staff		৯৬

সম্পাদকীয়

পড়াশোনা মানে শুধুমাত্র সিলেবাসকেন্দ্রিক পঠন-পাঠন ও পরীক্ষায় পাশ দেওয়া নয়। পড়াশোনা মানে প্রকৃতি, সমাজ ও জীবনের পাঠ। যে পড়াশোনার সঙ্গে প্রকৃতি, সমাজ কিংবা জীবনের যোগ নেই, সে পড়াশোনা শুকনো খসখসে মার্কসিটের একটুকরো কাগজে সীমাবদ্ধ। অত্যাধুনিক প্রযুক্তিগত বিশ্ব দুনিয়াটাকে হাতের মুঠোয় এনে দিয়েছে। বোতাম টিপলেই কাঙ্ক্ষিত তথ্য ভাণ্ডার! রাশি রাশি তথ্য! যা নিয়ে আমরা যারপর নাই আহ্লাদিত। কিন্তু আমরা জানি, জীবনের সঙ্গে, মননের সঙ্গে সম্পৃক্ত না-হলে তথ্য সত্য হয়ে ওঠে না। রাশি রাশি তথ্য থেকে জীবনসত্যের রূপ-রস-গন্ধ-বর্ণের মহার্ঘ্য উপলব্ধি পেতে আমাদের চর্চা করতে হয় সংগীত-নাটক-চিত্র-সাহিত্য। বর্তমানে প্রযুক্তিগত সভ্যতার বিস্ময়কর আবিষ্কারে বিনোদনের দুনিয়ার সমস্ত অর্গল হাট হয়ে খুলে গেছে। বিনা আয়াসে মহার্ঘ্যধন হাতে পেলে যা হয় তাই হচ্ছে! শিল্প তথা কল্যাণকামী বিনোদন যে নিবিড়ভাবে চর্চার বিষয় আজকের প্রজন্ম তা জানে না।

কলেজ পত্রিকার জন্য লেখা সংগ্রহ করতে গিয়ে এতসব কথা বলতে হচ্ছে। ছাত্র-ছাত্রীদের মধ্যে সাহিত্য-মাধ্যমে বিনোদন তথা শিল্পচর্চা লক্ষণীয়ভাবে কমে গেছে। হঠাৎ কবির সৃজনশীল খেয়ালে লিখিত রচনাবলি থেকে মেরে কেটে পাঁচ শতাংশও ছাপানো গেল না। অতএব ভরসা প্রাক্তনী। ছাত্র-ছাত্রীদের নিজস্ব পত্রিকায় বর্তমান ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ কম — এটা নিঃসন্দেহে খারাপ লক্ষণ। জানি না এর কোনো প্রয়োজন আছে কিনা! তবু ছাত্র-ছাত্রী অধ্যাপক অধ্যাপিকা কলেজের গুণী প্রাক্তনী সবার আন্তরিক সহযোগিতায় পত্রিকাটি সুন্দরভাবে সাজানোর চেষ্টা হল। এই পত্রিকার কোনো একটি রচনার দ্বারা প্রভাবিত হয়ে আগামীতে কোনো একটি ছাত্রছাত্রী উৎসাহিত হলে কিংবা তাদের মধ্যে সাহিত্য মাধ্যমে সুস্থ বিনোদন চর্চার প্রসার ঘটলে সার্থক হবে এই আয়োজন।

২৫.০২.২০১৫
জঙ্গিপুর কলেজ

ভারপ্রাপ্ত সম্পাদক

ভারপ্রাক্ত অধ্যক্ষের কলমে

আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্যক্রমের বিষয়গুলির আলাপ-আলোচনা-অনুশীলন ইত্যাদির বাইরে যে আরও অনেক বিষয়ের আলোচনা-চর্চা-প্রতিযোগিতা ইত্যাদি অনুষ্ঠিত হয়, যা শিক্ষাকে পূর্ণতা দানের সঙ্গে আনন্দময় করে তোলে, তারই একটি অঙ্গ পত্রিকা-প্রকাশ। আমাদের কলেজের বার্ষিক পত্রিকা এই লক্ষ্যে প্রতিবছরে নিয়মিত প্রকাশিত হয়। এ কাজের দায়িত্ব পালন করে নির্বাচিত ছাত্র সংসদের সদস্য ছাত্রছাত্রীরা বিশেষ করে পত্রিকা — সম্পাদক। দায়িত্ব প্রাপ্ত অধ্যাপক-অধ্যাপিকারা লেখা নির্বাচন থেকে শুরু করে প্রায় প্রতিটি ক্ষেত্রে তাদের সাহায্য করেন। এ বছর ২০১৪-১৫ শিক্ষাবর্ষে কল্যাণী বিশ্ববিদ্যালযের পার্ট-ওয়ান পরীক্ষার রেজাল্ট বিলম্বে প্রকাশিত হওয়ায় কলেজগুলিতে ছাত্র সংসদের নির্বাচন করা সম্ভব হয়নি। আমাদের কলেজেও একই কারণে বর্তমানে ছাত্র সংসদ নেই। তাই এবার পত্রিকা প্রকাশের দায়িত্ব বর্তেছে কলেজের পক্ষে অধ্যাপকদের ওপর। প্রতি বছরের মতো এবারও বিজ্ঞপ্তি দিয়ে কলেজের বর্তমান ছাত্র-ছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকা ও শিক্ষাকর্মীদের কাছে পত্রিকার জন্য লেখা চাওয়া হয়। অনেক লেখা জমাও পড়ে। লেখা নির্বাচনের সময় দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক-অধ্যাপিকারা লক্ষ্য করেন ছাত্র-ছাত্রীরা যে-সব লেখা জমা দিয়েছে তার অধিকাংশের মান বার্ষিক কলেজ-পত্রিকায় প্রকাশের অনুপযুক্ত। কয়েক বছর থেকেই দায়িত্ব প্রাপ্ত অধ্যাপকরা লক্ষ করছিলেন যে কবিতা, গল্প ও প্রবন্ধ লেখার প্রতি ছাত্র-ছাত্রীদের ঔদাসীন্য বৃদ্ধি পাচ্ছে এবং লেখার মানও ক্রমশ নিম্নগামী। চাকরি কেন্দ্রিক পড়াশুনা, মোবাইল ফোনের যথেচ্ছ ব্যবহার ও দূরদর্শনে প্রদর্শিত আকর্ষণীয় সিরিয়াল-সিনেমা-নাচগান ইত্যাদির প্রভাবই ক্রিয়াশীল এর মূলে হয়তো। অধ্যাপকরা সেই কারণে প্রাক্তন ছাত্র-ছাত্রীদের কিছু ভালো লেখা এ বছর পত্রিকায় প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করেন। দুটি উদ্দেশ্য রয়েছে এর পিছনে। প্রথম লক্ষ্য, শুধুমাত্র কলেজের বর্তমান ছাত্র-ছাত্রী নয়, তার বাইরের বৃহত্তর শিক্ষিত জনগণের হাতে পৌঁছবে যে পত্রিকা, যার উপর কলেজের মান-মর্যাদা নির্ভর করছে অনেকাংশে তার একটা নির্দিষ্ট মান বজায় রাখা। আর দ্বিতীয় লক্ষ্য হলো প্রাক্তন ছাত্র-ছাত্রীদের ভালো লেখার দ্বারা বর্তমান ছাত্র-ছাত্রীদের সেই মানের লেখার প্রতি আগ্রহ বৃদ্ধি করা। পত্রিকায় অধ্যাপক-অধ্যাপিকা ও শিক্ষাকর্মী বন্ধুরা অনেকে লেখা দেননি এবং তা পত্রিকার আকর্ষণ বদ্ধি করে। আশা করি এ বছরও তার অন্যথা হবে না। আমরা চাই কলেজের ছাত্র-ছাত্রীরা আরও বেশি করে সংস্কৃতি-চর্চা করুক, সাহিত্যচর্চার প্রতি যত্নশীল হোক এবং তার প্রতিকুল ঘটুক কলেজ-পত্রিকাতেও। কারণ সাহিত্য ও সংস্কৃতি চর্চার প্রভাব মানব-জীবনে সুদূর-প্রসারী। বর্তমান বিশ্বে মানবতা সেভাবে বিধ্বস্ত হচ্ছে তার প্রতিরোধ করতে হবে বিশ্বের শিক্ষিত ও সচেতন মানুষকেই। আর তার অন্যতম প্রধান কাজ সুস্থ সাহিত্য ও সংস্কৃতির চর্চা।

ধন্যবাদান্তে

ডঃ অসীমকুমার মণ্ডল

ভারপ্রাপ্ত অধ্যক্ষ, জঙ্গিপুর কলেজ

দেশের শিক্ষা ব্যবস্থা — দায় ও দায়িত্ব

ভজনকুমার সরকার
সভাপতি, কলেজ পরিচালন সমিতি

ভারত প্রাচীনকালে শিক্ষায় ছিল বিশ্বের একটি অগ্রণী দেশ। কিন্তু স্বাধীনতার ৬৯ বছর পরেও বিশ্বের সূচকে ভারত বারে বারে চিহ্নিত হয় একটি অনগ্রসর দেশ হিসাবে। রাষ্ট্র সংঘের সর্বশেষ মানব উন্নয়ন প্রতিবেদন ২০১৫ পুনরায় শিক্ষায় ভারতের পশ্চাদপদতার তথ্যাবলী উপস্থাপিত করেছে। শিক্ষায় বিশ্বের ১৪৫টি দেশের মধ্যে ভারতের স্থান ৯২ তম। উচ্চশিক্ষা গ্রহণ করার যুবক যুবতী যথা ১৬-২৩ বৎসর বয়সে ২৮.৭ শতাংশ বর্তমানে শিক্ষালয় থেকে শিক্ষাগ্রহণ করে থাকে এটা বিশ্বের গড়। ভারতে ঐ গড় ১২ শতাংশ মাত্র। শিক্ষার এই অনগ্রসরতা দেশের উন্নয়নের পথে অন্যতম প্রতিবন্ধকতা। সারা বিশ্বের দেশগুলির সরকার তাদের মোট বাজেটের প্রায় ৫ শতাংশ বরাদ্দ করে শিক্ষাখাতে। আর আমাদের দেশে কেন্দ্র ও রাজ্য সরকারগুলির শিক্ষাখাতে মোট বরাদ্দের পরিমান মাত্র ৩.১ শতাংশ। অত্যন্ত লজ্জা ও পরিতাপের বিষয় এই যে সারা পৃথিবীর মোট প্রাপ্ত বয়স্ক নিরক্ষর মানুষের ৩৩.৮ শতাংশ মানুষ আমাদের দেশেই বাস করেন এবং বিরাট সংখ্যক শিশু প্রাথমিক শিক্ষাই সমাপ্ত করতে পারে না। যারা বিদ্যালয়ে পড়াশোনা করে, বিশেষ করে পিছিয়ে পড়া জেলাগুলিতে একটা বড় অংশের ছাত্র ছাত্রীরা পঞ্চম শ্রেণিতে ভর্তি হয়ে বাংলা রিডিং পড়তে পারে না, ইংরেজি পড়তে পারার তো প্রশ্নই ওঠে না। সাধারণ যোগ, বিয়োগ, গুণ, ভাগ জানে না। স্বভাবতই তারা শ্রেণিকক্ষে কোনো আকর্ষণ বোধ করে না। ধীরে ধীরে তারা স্কুলে আসা ছেড়ে দেয়। এইভাবে ড্রপ আউট এর সংখ্যা বৃদ্ধি পেতে থাকে।

গণতান্ত্রিক জীবনবোধের ধারাবাহিক ফলশ্রুতিতে পশ্চিমবঙ্গে শিক্ষার অঙ্গণে এখন বঞ্চিত শোষিতদের একটা বড় অংশ প্রবেশের সুযোগ পেয়েছে। তাদের জন্য আকর্ষণীয় বিদ্যালয় ব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন। প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিটি শ্রেণীকক্ষে উন্নত প্রযুক্তির ব্যবস্থা রাখা প্রয়োজন। আমেরিকায় বসবাসকারী প্রবাসী একজন ভারতীয় ছাত্রের সাথে আলাপ হলে তাকে জিজ্ঞাসা করলাম সে দেশের বিদ্যালয়ের পঠনপাঠন পদ্ধতি কেমন? সে বলল, 'এখানে আমার আত্মীয় স্বজন রয়েছে। এদেশের স্কুল ও আমি দেখেছি। এই দেশের যেমন শিক্ষক মহাশয়রা একটি ক্লাস শেষ করে অন্য একটি ক্লাসে পড়াতে যান। ঐ দেশে ঠিক তার উল্টোটা ঘটে। সেখানে মাষ্টার মশায়রা পৃথক পৃথক Well equipped class room-এ বসে থাকেন। ছাত্ররা ক্লাস রুম পরিবর্তন করে। ঐ দেশে প্রতিটি ক্লাসরুমই এক একটি বিজ্ঞানাগার। সে ইতিহাস, ভূগোল, ভাষা ও সাহিত্য, বিজ্ঞান যে বিষয়ের ক্লাসই হোক না কেন। আমাদের দেশের বিশেষ করে গ্রাম অঞ্চলে বেশিরভাগ ছাত্র ছাত্রী First Generation Learner. তাদের বাড়িতে পড়ার কোনো পরিবেশই নেই। বেশিরভাগ ক্ষেত্রে অভিভাবকগণ হয় লেখাপড়া কম জানেন নয়তো উপার্জনের কাজে ব্যস্ত থাকার কারণে ছেলে মেয়েদের দিকে নজর দিতে পারেন না। ঐ সকল ছাত্র-ছাত্রীর শিক্ষাগ্রহণের একমাত্র ভরসা স্থল তার শিক্ষা প্রতিষ্ঠান। সেই শিক্ষাপ্রতিষ্ঠানকে যদি আকর্ষণীয় করে তোলা না যায়, তারা যদি শিক্ষক-শিক্ষিকাদের ভালোবাসা না পায়, শ্রেণীকক্ষে পাঠদান যদি আনন্দদায়ক না হয় তাহলে তারা শিক্ষাপ্রতিষ্ঠানে

যেতে আগ্রহী হবে না। শ্রেণীকক্ষের বাইরে প্রচুর প্রলোভন। সেই প্রলোভন থেকে তাদের সরিয়ে এনে শ্রেণীকক্ষের পঠন পাঠনে মনোনিবেশ করানোর দায়িত্ব সকলের। শুধুমাত্র শিক্ষক শিক্ষিকা বা শুধুমাত্র অভিভাবকের পক্ষে একাজ করা অত্যন্ত কঠিন। তাই সমাজের সকল শ্রেণির মানুষকে একাজে এগিয়ে আসতে হবে। সমাজের একটা অংশকে পিছনে ফেলে রেখে আর একটা অংশ কোনোভাবেই এগিয়ে যেতে পারে না। তাই জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ নির্বিশেষে সকলকে শিক্ষার আঙিনায় নিয়ে এসে শিক্ষা দেবার দায়িত্ব যেমন সরকারের তেমনি সরকারকে এ কাজে সহযোগিতা করা আমাদের সকলের কর্তব্য। আমরা বিশ্বাস করি যে ছাত্র-ছাত্রীরা যদি প্রতিদিন শিক্ষা প্রতিষ্ঠানে আসে এবং শিক্ষিকা ও শিক্ষকগণের সংস্পর্শে থাকে তাহলে তারা অবশ্যই কিছু না কিছু শিখবে। তাদের উদ্দেশ্য অবশ্যই সফল হবে। সেক্ষেত্রে মোটা অর্থ ব্যয় করে প্রাইভেট টিউশন পড়ার প্রয়োজনই হবে না।

শ্রেণিকক্ষের বাইরে সহপাঠক্রমিক কর্মধারাও তরুণ ছাত্র-ছাত্রীদের ব্যক্তিত্ব বিকাশে কম গুরুত্বপূর্ণ নয়। মাঠে সমবেতভাবে খেলাধুলার চর্চা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পত্রিকার মাধ্যমে সাহিত্য চর্চা, বিতর্কের আসরে যুক্তি বিচার, বিভিন্ন ধরনের চারুকলা অনুশীলন ছাত্র-ছাত্রীদের শারীরিক ও মানসিক বিকাশে এগুলির কোনো বিকল্প নেই। মাঝে মাঝে শিক্ষামূলক ভ্রমণ এবং শিবির জীবনের আয়োজন করলে শিক্ষার্থীর মানসিকতায় উল্লেখযোগ্য মাত্রা যোগ হয়।

আজকের পটভূমিকায় আন্তর্জাতিক শিক্ষা কমিশনের প্রধান 'জ্যাক দেলর'-এর সুপারিশটি সবচেয়ে বেশি প্রাসঙ্গিক, তা হল - যৌথভাবে বাঁচতে শেখা (Learning to leave together)। সমবেত ভ্রমণ ও শিবিরের অভিজ্ঞতা মানুষ হয়ে ওঠার পথে এক অমূল্য পাথেয়। সার্বিক শিক্ষার আরেকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক হলো পাঠ্যসূচির বাইরেও স্বাধীনভাবে নানাবিধ বিষয়ে বই পড়া। সমাজকে চেনার জন্য, জীবনের সমস্যা সম্ভাবনার সম্পর্কে ঘাত-প্রতিঘাত প্রভৃতির স্বাদ পাওয়ার জন্য ও মূল্যবোধের শিক্ষার জন্য সৎ সাহিত্য পাঠ একান্ত প্রয়োজন.।

স্বাধীনতার পূর্বে আমাদের দেশে যে শিক্ষাব্যবস্থা সাধারণভাবে চালু ছিল তাতে ভাষা (প্রধানত বিদেশি ভাষা) শিক্ষার উপর যত গুরুত্ব ছিল তত গুরুত্ব ছিল না বিজ্ঞান ও অন্যান্য জ্ঞানমূলক শিক্ষার উপর। বিদেশি শাসকশ্রেণী নিজেদের স্বার্থের প্রতি লক্ষ্য রেখে শিক্ষার উদ্দেশ্য ও পাঠ্যক্রম স্থির করেছিল। বিদেশি শাসকের উদ্দেশ্য ছিল তাদের কাজের সুবিধার জন্য কিছু ভারতীয় কেরাণী তৈরী করা। যার ফল স্বাধীনতার ৬৯ বৎসর পরেও আমাদের দেশের শিক্ষার্থীদের ভুগতে হচ্ছে। ইংরেজ আমলের সেই শিক্ষা পদ্ধতি থেকে আমরা এখনও মুক্ত হতে পারিনি। যার ফল স্বরূপ ছাত্র-ছাত্রীদের মুখস্থ নির্ভর লেখাপড়া এখনও বর্তমান। রয়ে গেছে পরীক্ষা ব্যবস্থাতেও ত্রুটি। কিন্তু অত্যন্ত আশ্চর্যের বিষয় হলো ছাত্র-ছাত্রীদের স্বার্থে শিক্ষা ব্যবস্থায় কোনো পরিবর্তনের চেষ্টা হলেই এক শ্রেণীর মানুষকে গেল গেল আওয়াজ তুলতে দেখা যায়। তাদের ধারণা গতানুগতিক পদ্ধতির পরিবর্তন ঘটলেই যেন সব শেষ হয়ে যাবে। কিন্তু বাস্তবটা কী? মাধ্যমিক থেকে ডাক্তারী, ইঞ্জিনিয়ারিং সর্বত্রই পরীক্ষার হলে টোকাটুকি একটা বড় অংশের ছাত্র-ছাত্রীদের অভ্যাসে পরিণত হয়েছে। পরীক্ষাহলে মাষ্টার মশায়রা একটা অংশের ছাত্র-ছাত্রীদের অধিকারে পরিণত হয়েছে। মাধ্যমিক উচ্চমাধ্যমিক পরীক্ষা নির্বিশেষে পরীক্ষার দিনগুলিতে পরীক্ষা কেন্দ্রগুলি থেকে মাইক্রোজেরক্স করা বস্তা বস্তা কাগজ পাওয়া যায়। এর জন্য ছাত্র-ছাত্রীদের উত্তর বলে না দিলে বা টুকতে সাহায্য না করলে তাদের ছাত্র-ছাত্রীদের হাতে নিগৃহীত হতে হয়। টোকাটুকিটা একটা অংশের ছাত্র-ছাত্রীরা যতখানি দায়ি তার থেকে বেশি দায়ি পঠন-পাঠন পদ্ধতি ও বর্তমান পরীক্ষা ব্যবস্থা। আমাদের দেশে পরীক্ষা ব্যবস্থা সম্পর্কে বিশ্বকবি প্রশ্ন তুলেছেন যে, "এটা কিরকম শিক্ষা? পরীক্ষার ঘরে যারা চাদরের ভিতরে বই নিয়ে যায় তারা ধরা পড়লে

তিরস্কার-বহিস্কার হয়। আর যারা পরীক্ষার হলে মগজের মধ্যে করে বই নিয়ে যায় এবং খাতা ভরিয়ে লেখে তাদের আমরা পুরস্কৃত করি। কেন এই অবিচার?"

এছাড়া ১৮৪১ খ্রীষ্টাব্দে বিদ্যাসাগর মহাশয় ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগে সেরেস্তাদারের পদে নিযুক্ত ছিলেন। এ কলেজে ইংল্যান্ড থেকে সদ্য আসা তরুণ সাহেবদের প্রশিক্ষণ দেওয়া হত। পাঠ সমাপ্ত হলে পরীক্ষায় কৃতকার্য্য হলে তবেই তারা কোম্পানীর চাকরি পেতেন। বিদ্যাসাগর মহাশয় তাদের বাংলা শেখাতেন। ফোর্ট উইলিয়াম কলেজে হবু ইংরেজ সিভিলিয়নদের বার্ষিক পরীক্ষা নেওয়ার সময় গোটা পরীক্ষা ব্যবস্থা সম্পর্কেই তার বিরূপ ধারণা তৈরি হয়ে যায়। বিলেত থেকে কোম্পানির চাকরির আশায় এসে পরীক্ষায় অকৃতকার্য্য হয়ে ব্যর্থ মনোরথে আবার বিলেতে ফিরে যাওয়ার ঘটনা তিনি প্রত্যক্ষ করেছেন। একটি যুবকের বিষয় বুৎপত্তির পরীক্ষা একটি মাত্র বার্ষিক মূল্যায়ন প্রক্রিয়ায় নির্দিষ্ট করা যে বিজ্ঞান ও বিবেচনা প্রসূত নয়, সে বিষয়ে তিনি স্থির নিশ্চিত হয়ে যান। সেই সময় থেকে এই পরীক্ষা ব্যবস্থা পরিবর্তন করার কথা ভাবতে শুরু করেন। ১৮৪৬ খ্রীষ্টাব্দে ৬ই এপ্রিল বিদ্যাসাগর মহাশয় সংস্কৃত কলেজের সহ-সম্পাদক পদে যোগ দেন। এখানে এসেও একই অবস্থা তার চোখে পড়ল। তার সংস্কৃত কলেজে অধ্যক্ষ পদে উন্নীত হওয়া পর্যন্ত পাঠদান ও পরীক্ষা গ্রহণ পদ্ধতি বিশেষ কিছু পাল্টায়নি। পাঠ্য বিষয় বৈচিত্র্যহীন, একঘেয়ে ও যান্ত্রিক। নতুন ভাবনা নেই; নতুন বিষয়ে ও ভাবনায় ছাত্র-ছাত্রীকে আকর্ষণ করার কোনো চেষ্টাও নেই। বিভিন্ন পরীক্ষা নেওয়ার সেই গতানুগতিক পদ্ধতি। একবার মাত্র বার্ষিক পরীক্ষা, ধরা বাঁধা প্রশ্ন তালিকা, অবিরাম মুখস্থ ও উদ্‌গীরণ। পাঠক্রম ও পাঠ্যসূচি নিয়ে বারাণসি সংস্কৃত কলেজের অধ্যক্ষ ড. জে. আর. ব্যালেনটাইনের সঙ্গে তাঁর অনেক চিঠিপত্র লেখা লেখি হয়েছে। কিন্তু পরীক্ষা পদ্ধতির পরিবর্তন সুপারিশ করে তিনি একটি জরুরি ও উল্লেখযোগ্য চিঠি লেখেন এফ.জে.মোয়াট সাহেবকে। মোয়াট সাহেব তখন কাউন্সিল অব্ এডুকেশনের সম্পাদক। তখন কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়নি। পাঠ্যসূচী নির্মাণ বা পরীক্ষা গ্রহণ ইত্যাদি নির্ধারিত ও নিয়ন্ত্রিত হত কাউন্সিল অব্ এডুকেশনের তত্ত্বাবধানে। মোয়াট সাহেবকে লেখা ব্যিদাসাগর মহাশয়ের চিঠিখানি ১৫০ বছর পরেও খুবই তাৎপর্যপূর্ণ এবং এর প্রতিটি সুপারিশ আজও অনুস্মরণযোগ্য। চিঠিটি নিম্নে উল্লিখিত হল :

Form
The Principal, Sanskrit College

To
F. J. Mouat Esq. MD
Secretary, Council of Education,
Dated Fort William, 21 January 1854.

Sir,

I have the honour to forward the following proposal which I beg to request, you will be so good as to submit to the council for their consideration and orders.

The examination in this Institution are held annually, this system of examination is in my humble opinion open to serious objection. The main object of an academic examination ought to be to supply a well regulated stimulus to proper exertion. This object is but very partially gained by making the examination annual. Under this system the pupils release their labours after the close of the session and do not resume them in an earnest manner till the time of the examinations draw near. During the first month of the year they plod along with their routine course of study with indifferent attention while the "Craming" system is in requisition during the concluding months. Their industry therefore is unequable and the consequence is that a habit of industry is not acquired. Moreover the over exertion of the last two months of the session induces several chronic diseases such as headache, dyspepsia, dysentery, opthalmia etc. This is another circumstance in the present system of examination which is deeply to be regulated and which though accidental is altogether of rare occurrence. A student may be well known to be intelligent, industrious and attentive and one who would certainly be entitled to the highest records were it in his power to pass the examination, but he may suddenly fall ill at that time of examination, and all his exertions during the whole year would in the case remain unrewarded. I have with care and attention observed this state of things for the last three years and am convinced that long as the present system of examination continues it will be impracticable to remove the evils complained of.

Under the circumstances I beg most respectfully to propose that the present system of examination be discontinued and that in its stead the following plan be adopted.

1. Examination to be held every month in the Junior classes and in every two months in the Senior ones.
2. The award of scholarships and other rewards to be decided by the aggregate result of these examinations.
3. Of the Sanscrit and Vernacular portions of studies, examinations to be conducted by the Principal with the co-operation of the Professors.
4. Of the English portion of studies the examination to be conducted by the Principal with the co-operation of the Masters and Professors.
5. The final examinations alone to be conducted by the examiners appointed by the Council.

If the Council be pleased to sanction the proposal the students will make equal progress throughout the year. They will not be obliged to over exert themselves in the concluding months of the session and there is no doubt they will be thus enabled to attain greater

proficiency than they usually manifest under the present system and above all, they will acquire a habit of industry from the want of which it may be safely affirmed, the great majority of students do not keep up their studies in after life though they distinguish themselves while at College.

In conclusion I beg leave to request the favor of your moving the Council to sanction the proposal at least experimentally for three years.

I have the honour to be
Sir
Your most obedient servant
Ehswar Chandra Sharma

বহু রক্তক্ষয়ের বিনিময়ে আমরা স্বাধীনতা পেলাম। কিন্তু ১৯৫০ সালে যখন আমাদের দেশের সংবিধান রচিত হল তখন শিক্ষার মত একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সংবিধানের মৌলিক অধিকারের তালিকায় স্থান পেল না। সংবিধানের নির্দেশাত্মক নীতির ৪৫ নং অনুচ্ছেদে বলা হল পরবর্তি ১০ বছরের মধ্যে দেশের ৬-১৪ বৎসর বয়স্ক প্রতিটি শিশুর শিক্ষার দায়িত্ব সরকার গ্রহণ করবে। কিন্তু তা বাস্তবায়িত হল না। স্বাধীন দেশেও অভাবনীয় বঞ্চনার শিকার হল দেশের শিক্ষা ব্যবস্থা। স্বাধীন ভারতে বিশ্বের সর্বাধিক সংখ্যক শিক্ষা কমিশন নিযুক্ত হয়েছে। আর তাদের মূল্যবান সুপারিশগুলির প্রতি প্রদর্শিত হয়েছে ক্ষমার অযোগ্য উপেক্ষা। একজন সুবিখ্যাত শিক্ষাবিদ এই প্রসঙ্গে একটি তাৎপর্যপূর্ণ মন্তব্য করেছেন 'The number of education commission of India may be compared with the world famous waterfall of 'Nayagra' and the implementation of thei recommendations may correctly be compared with the world famous desert of Sahara' তবু যেটুকু ব্যবস্থা বর্তমানে রয়েছে তার মধ্যেই আমাদের প্রিয় ছাত্র-ছাত্রীদের স্বার্থে আমাদের শিক্ষক-শিক্ষিকাদের কাজ করতে হবে। এই প্রতিকূল অবস্থার মধ্যেও আমরা শিক্ষক মহাশয়রা যদি স্বীয় দায়িত্ববোধ ও কর্তব্যবোধের ব্যাপারে সচেতন থাকি এবং তা যথোপযুক্তভাবে পালন করি তাহলে আমাদের প্রিয় শিক্ষার্থী সমাজ হতে পারে অনুপ্রাণিত। তাদের মধ্যে নিহিত মেধার হতে পারে স্ফুরণ। সমাজ উন্নয়নে তাদের ভূমিকা হতে পারে অর্থবহ। দীল্লিতে একটি শিক্ষা প্রতিষ্ঠানের সুবিশাল আধুনিক ভবনের উদ্বোধন করার সময় আমাদের দেশের তদানিন্তন রাষ্ট্রপতি প্রয়াত এ.পি.জে.আব্দুল কালাম মহাশয় একটি তাৎপর্যপূর্ণ মন্তব্য করেছিলেন তা হল 'A muddy teaching be conferred in a marble hall, but a marvelous teaching may be awarded in muddy walls.' এখানেই হচ্ছে শিক্ষায় উৎসর্গীকৃত প্রকৃত শিক্ষকের ভূমিকার দৃষ্টান্ত।

একবিংশ শতাব্দির শিক্ষা কমিশন উপরিল্লিখিত শিক্ষাবিদের মন্তব্যের মতই বলেছেন - এই যে এতো শিক্ষা কমিশন এত দিন ধরে বসল, তারা এত ভালো ভালো সুপারিশ করলেন, তার কোনটাই কার্যকরী হলো না কেন বলতে গিয়ে তাঁরা বলেছেন, শিক্ষার লক্ষ্য যে সামর্থ অর্জনের মধ্য দিয়ে যে মূল্যবোধগুলিকে অর্জন করা সেই মূল্যবোধগুলি জীবনাচারণে প্রতিফলিত হয়নি। তার জন্যই তো শিক্ষা সফল হতে পারল না। আমি যে শিক্ষা দিচ্ছি তা আমার নিজের জীবন যাত্রায় প্রতিফলিত হচ্ছে না, সেটাই তো অসন্তোষ সৃষ্টি করছে ছাত্রদের মধ্যে। মুখে বলছি সকলের

শিক্ষার অধিকার আছে। কিন্তু শ্রেণিকক্ষে বলছি, 'তোর দ্বারা কিছু হবে না'। ইতালীয় একটা স্কুলে ঐ রকম আটজন ছাত্র তারা বছর বছর ফেল করত। তাদেরকে স্কুল থেকে বহিষ্কার করে দেওয়া হল। এবার তারা করল কি School of Barbiana তে গেল, নিজেরা একসাথে বসে পড়াশোনা করতে আরম্ভ করল (Co-operative learning)। একসঙ্গে বসে পড়াশোনা করে দেখা গেল কিছুদিনের মধ্যেই সবাই পাশ করে উঁচু ক্লাসে উঠে গেল। তখন তারা ঐ আগের স্কুলের শিক্ষককে একটা চিঠি লিখেছিলেন। পরবর্তীকালে সেই চিঠিটা বই আকারে মুদ্রিত হয়ে সারা পৃথিবীতে বিখ্যাত হয়েছে। বইটার নাম অনেকেই জানেন — 'এ লেটার টু দ্য টিচার বাই দ্য স্কুল অব বার্বিয়ানা'। আর এই অভিজ্ঞতা নিয়ে ব্রাজিলের পাওলো ফ্রেয়ার বললেন - এই যে এক মুখী জ্ঞান দেওয়া, জমা করা এবং এই যে বিষয় নির্ভর স্মৃতি চর্চা এটা শিক্ষার অপচয় ছাড়া আর কিছুই নয়। অর্থাৎ ছাত্র-ছাত্রীদের মগজ কোন ব্যাঙ্কের ভল্ট নয় ইত্যাদি। এবং বললেন যে, এর বিরুদ্ধে শিক্ষক বিহীন শিক্ষা এটাই ভাল। তার 'পেডাগজি অব দ্য অপরেস্ড্' বইটা আছে। খুব নাম করা একটা বই। এই সুযোগটাকে কাজে লাগিয়ে ১৯৮১ সালে আমেরিকা সি.আই. এর উদ্যোগে কুম্স্ বলে এক ভদ্রলোক ঐ বিশ্ব শিক্ষা সংকট তত্ত্ব বাজারে ছাড়লেন। তারফলে আজকে এই একবিংশ শতকে শিক্ষার ওপর যে 'পণ্যের আক্রমণ' বা আগ্রাসন এবং এই যে কর্মসংস্থানহীন উন্নয়ন (Jobless growth) তার ফলে এই সংকট। এটা দূর করতে হলে প্রায়োগিক ক্ষেত্রে মূল্যবোধগুলোকে প্রতিফলিত করতে হবে। আমাদের দেশে প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার উপর নামিয়ে আনা হচ্ছে বিভিন্ন ধরনের আক্রমণ। সরকার পোষিত শিক্ষা প্রতিষ্ঠানগুলির পরিবর্তে প্রথাবহির্ভূত শিক্ষাকে উৎকৃষ্ট হিসাবে প্রক্ষেপণ করা হচ্ছে রাষ্ট্রের দায় ঝেড়ে ফেলার কৌশলী বিকল্প হিসাবে। অথচ UNESCO নিয়োজিত আন্তর্জাতিক শিক্ষা কমিশনের উপলব্ধি হল : "There is no substitute of teacher - pupil relationship which is under pinned by authority and developed through dialogue.' Dellor commission-এর আরো বিশ্বাস একমাত্র প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার মধ্যে দিয়েই ছাত্র-ছাত্রীরা নিজেকে প্রস্তুত করতে পারে ও নানান ধরনের জ্ঞানার্জন করতে পারেন। ইউরোপের ছাত্ররা স্লোগান তুলেছে — "No teacher no future."

আমাদের দেশে শিক্ষাক্ষেত্রে একটি জনমুখী শিক্ষানীতি স্বাধীনতার পরেও রূপায়িত হতে দেখা গেল না। শিক্ষাক্ষেত্রে চিন্তার এই অস্বচ্ছতার মধ্যে দাঁড়িয়ে সারা দেশের শিক্ষক সমাজকে বাস্তবভিত্তিক, ধর্মনিরপেক্ষ ও বিজ্ঞানমনস্ক শিক্ষা প্রসারের জন্য সংগ্রাম চালিয়ে যেতে হবে। কাজটা কঠিন, কারণ সমাজ নানা সমস্যায় জর্জরিত। সমাজের সমস্যা শিক্ষা ব্যবস্থাকেও প্রভাবিত করছে। সমাজজীবনের বিপর্যয় শিক্ষাক্ষেত্রেও সংক্রমিত হচ্ছে। সংবেদনশীল মন নিয়ে আমাদের শিক্ষাপ্রক্রিয়া পরিচালনায় উদ্যোগী হতে হবে। শিক্ষার্থী আনন্দের সাথে সবকিছু জানতে ও প্রায়োগিক দক্ষতা অর্জন করতে উদ্বুদ্ধ হবে। আমরা শিক্ষক সমাজ সকল শিক্ষার্থীর প্রত্যাশাপূরণে প্রতিনিয়ত সতর্ক আছি। আগামি দিনে বাড়তি দায়িত্ব গ্রহণ করে আমরা সকলেই সকল শিক্ষার্থীর শিক্ষা সুনিশ্চিত করতে এগিয়ে আসব, আমাদের কাছে সমাজের এই হল প্রত্যাশা।

ছাত্র-ছাত্রীদেরও সরকার পোষিত যে শিক্ষা প্রতিষ্ঠানের সাথে তারা যুক্ত রয়েছে সেখানে নিয়মিতভাবে যেতে হবে। সরকারী ব্যবস্থার সুযোগ গ্রহণ করতে হবে। Library, Laboratory, ও যোগ্য শিক্ষক-শিক্ষিকাগণের পরামর্শ প্রভৃতি অমূল্য সুযোগ তাদের গ্রহণ করতে হবে এবং গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ ও বিজ্ঞানমনস্ক সমাজের উপযুক্ত মূল্যবোধ সম্পন্ন একজন নাগরিক হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে।

এক নজরে বাংলা ছন্দ

ড. অসীমকুমার মণ্ডল
অধ্যাপক, বাংলা বিভাগ

আমাদের চারপাশে প্রকৃতির দিকে দৃষ্টি দিলে দেখা যাবে ঝর্ণার জলধারা প্রবাহিত হচ্ছে, মৃদুমন্দ বাতাসে গাছের পাতা নড়ছে, মানুষ পথে হাঁটছে একইভাবে, এলোমেলোভাবে নয়। ফলে তার মধ্যে একটা একই ধরণের সামঞ্জস্যপূর্ণ স্পন্দন সৃষ্টি হচ্ছে — এটাই ছন্দ। কবিতায় ছন্দের সৃষ্টি হয় সুপরিকল্পিত ধ্বনি-বিন্যাসের ফলে। কবিতা রচনায় এই ছন্দের প্রয়োজন কোথায়? মানুষের গভীর আবেগ ও হৃদয়ানুভূতি গদ্যভাষায় শব্দের বাচ্যার্থ বা লক্ষ্যার্থ দিয়ে প্রকাশক করা সম্ভব নয়। এটা সম্ভব কবিতার ব্যঙ্গ্যার্থের মাধ্যমে। যেমন, রাধা কৃষ্ণকে খুব ভালোবাসে, এই বাক্যে কৃষ্ণের প্রতি রাধার ভালোবাসার গভীরতা যতটা প্রকাশ পায়, তার থেকে অনেক বেশি গভীরতা সৃষ্টি হয় যখন কবি বলেন — "সই কেবা শুনাইল শ্যাম নাম / কানের ভিতর দিয়া মরমে পশিল গো / আকুল করিল মোর প্রাণ।" কারণ এখানে ব্যঙ্গ্যার্থ প্রকাশিত হয়েছে। কবিতায় এটা প্রকাশ করার জন্যই কবিরা রীতি, অলংকার, ছন্দ, চিত্রকল্প ইত্যাদির আশ্রয় নেন।

বাংলাছন্দ সম্পর্কে সম্যক ধারণা সৃষ্টি করতে হলে আমাদের আগে জানতে হবে মুক্তস্বর বা পূর্ণস্বর, খণ্ডস্বর, যৌগিক স্বর, দল, যতি, কলা, মাত্রা ইত্যাদি কাকে বলে। তার পূর্বে আর একটি কথা — ছন্দ নির্ণয় করতে হবে চোখে বর্ণ দেখে বা গুণে নয়, কানে ধ্বনি শুনে। বাংলা ভাষায় প্রকৃত পক্ষে পূর্ণ স্বরধ্বনি আছে ছ'টি — অ, আ, ই, উ, এ, ও। এগুলি পূর্ণ রূপে উচ্চারিত হয় তাই এই নাম। এই বর্ণগুলির মধ্যে ই, উ, এ, ও কখনও কখনও অর্ধেক উচ্চারিত হয় বলে তখন এদের খণ্ডস্বর বলা হয়। ঐ, ঔ, (ও+ই, ও+উ) এবং ছয়টি পূর্ণস্বর ও চারটি খণ্ডস্বর মিলে অই, আই, আউ, এই, এউ, ইউ, উই, ইই ইত্যাদি ষোলটি বা তারও কিছু বেশি যৌগিক স্বর আছে। দুটি স্বর একঝোঁকে উচ্চারিত বলে এরা যৌগিক স্বর। যৌগিক স্বরের প্রথম স্বরটি পূর্ণ, দ্বিতীয়টি খণ্ড। বাঙালির উচ্চারণে ই, ঈ এবং উ, ঊ মধ্যে পার্থক্য নেই, তাই ছন্দের আলোচনায় ঈ এবং ঊ-কে পৃথক ধ্বনি হিসেবে ধরা হয়নি। চারটি খণ্ডস্বর এবং সমস্ত ব্যঞ্জনধ্বনিকে বলা হয় খণ্ডবর্ণ। ব্যঞ্জনবর্ণকে খণ্ডবর্ণ বলার কারণ এরা স্বরধ্বনির সাহায্য ছাড়া উচ্চারিত হয় না।

বাগ্‌যন্ত্রের স্বল্পতম প্রয়াসে অর্থাৎ একঝোঁকে একটি শব্দের যতটুকু ধ্বনি উচ্চারণ করা যায় তাকে দল বা অক্ষর (Syllable) বলে। অন্যভাবে বলা যায় অনুযতি দিয়ে নির্দিষ্ট ধ্বনিখণ্ডই দল বা অক্ষর। প্রবোধচন্দ্র সেন 'দল' এবং অমূল্যধন মুখোপাধ্যায় 'অক্ষর' শব্দ Syllable অর্থে ব্যবহার করেছেন। 'অক্ষর' শব্দটি যেহেতু Letter অর্থে অনেকে ব্যবহার করেন তাই আমরা এরপর 'দল' শব্দটিই ব্যবহার করব। দল গঠনগত দিক থেকে দু'প্রকার — ১) মুক্তদল (Open Syllable) ২) রুদ্ধদল (Closed Syllable)। যে দলের শেষে মুক্ত বা পূর্ণস্বর থাকে তা মুক্তদল। যেমন — 'শেফালি' শব্দটিতে শে. ফা. লি এই তিনটি দল আছে এবং প্রতিটি দলের শেষে একটি করে মুক্ত বা পূর্ণস্বর আছে। তাই তিনটি দলই মুক্ত। যে দলের শেষে খণ্ডবর্ণ থাকে তা হল রুদ্ধদল। যেমন — 'চন্দন' শব্দটিতে চন্. দন্. এই দুটি দল আছে এবং উভয় দলের শেষে খণ্ডবর্ণ থাকায় এরা রুদ্ধদল। দলের এই ভাগ প্রবোধ চন্দ্রের। অমূল্যধন দলকে তিনভাগে বিভক্ত করেছেন — ১) মুক্তস্বরান্ত ২) যৌগিক স্বরান্ত ৩) ব্যঞ্জনান্ত। কিন্তু বস্তুতপক্ষে দল দু'প্রকার।

কারণ ছন্দের মাত্রা নির্ণয়ের সময়ে যৌগিক স্বরান্ত ও ব্যঞ্জনান্ত অক্ষরের মধ্যে কোনো পার্থক্য করা হয় না। মুক্তস্বরান্ত অক্ষর মুক্তদল এবং যৌগিক স্বরান্ত ও ব্যঞ্জনান্ত অক্ষর রুদ্ধদলের পর্যায়ভুক্ত। দলকে উচ্চারণের দিক থেকে দু'ভাগে ভাগ করা হয়েছে। ১) হ্রস্বদল ২) দীর্ঘদল। মুক্ত রুদ্ধ নির্বিশেষে যে দল সংক্ষিপ্ত রূপে উচ্চারিত হয় তা হ্রস্বদল এবং যে দল প্রসারিতরূপে উচ্চারিত হয় তা দীর্ঘদল। হ্রস্বদল সবসময় একমাত্রা এবং দীর্ঘদল দু'মাত্রা পায়। মনে রাখতে হবে, একটি দলে মুক্ত ও যৌগিক, একটি মাত্র স্বর থাকবে।

একটি হ্রস্বদলের সমপরিমাণ ধ্বনিকে 'কলা' (Mora) বলে। হ্রস্বদল এক কলামাত্রা এবং দীর্ঘদল দু'কলা মাত্রা পায় কলাবৃত্ত ও মিশ্রকলাবৃত্ত রীতির ছন্দে। কবিতায় ধ্বনি পরিমাপের আদর্শ মান হল মাত্রা (Unit of measure)। যে ক্ষুদ্রতম বস্তুর দ্বারা বৃহত্তর বস্তুর পরিমাণ নির্ণয় করা হয় তাকে বলে মাত্রা। যেমন কিলোমিটারের মাত্রা মিটার, মিটারের মাত্রা মিলিমিটার। বাংলা ছন্দে ধ্বনি পরিমাপের ক্ষুদ্রতম মাত্রা দু'রকম — দলমাত্রা ও কলামাত্রা।

কবিতা রচনায় বিভিন্ন ধরনের ধ্বনিবিন্যাস প্রণালীকে বলা হয় 'রীতি' (Style)। বাংলা ছন্দে ধ্বনি বিন্যাস ঘটে তিনটি স্বতন্ত্র প্রণালীতে। ফলে মাত্রাগণনাও করা হয় তিনটি স্বতন্ত্র প্রণালীতে। এই তিনটি প্রণালীকে বাংলা ছন্দের তিনটি রীতি বলা হয়। যেমন : ১) একটি রীতিতে সাধারণভাবে মুক্ত ও রুদ্ধদল সবই অপ্রসারিতরূপে উচ্চারিত হয় এবং একমাত্রা পায়। এতে দলকে মাত্রারূপে ধরা হয়েছে। এই রীতিকে বলা হয় দলবৃত্ত (Syllabie) যেমন — বিরল তোমার / ভবনখানি / পুষ্পকানন / মাঝে — এই পংক্তিতে প্রথম তিন পর্বে চার মাত্রা এবং শেষ পর্বে দুই মাত্রা — মোট চোদ্দ দলমাত্রা আছে। ২) আর একটি রীতিতে মুক্তদল সংক্ষিপ্ত রূপে উচ্চারিত হয় ও একমাত্রা পায় এবং সব রুদ্ধদল প্রসারিতরূপে উচ্চারিত হয় এবং দুমাত্রা পায়। এই রীতিকে বলা হয়েছে কলাবৃত্ত (Moric)। যেমন — সন্ধ্যা-আকাশে / স্বর্ণ-আলোকে / পড়িবে ঢাকা — এখানে আছে প্রথম দুটি পর্বে ছ'টি করে মাত্রা, শেষ পর্বে পাঁচমাত্রা — মোট সতেরো কলামাত্রা। ৩) তৃতীয় রীতিতে মুক্তদল সবসময় হ্রস্ব হয় ও একমাত্রা পায়। শব্দের প্রান্ত ও একক রুদ্ধদল সর্বদা দীর্ঘ উচ্চারিত হয় ও দু'মাত্রা পায়। শব্দের অপ্রান্ত্য রুদ্ধদল সাধারণত হ্রস্ব হয় এবং একমাত্রা পায়। এখানেও কলাকে মাত্রা ধরা হয়েছে। এই রীতিতে যেহেতু রুদ্ধদল কখনও একমাত্রা কখনও দু-মাত্রা পায় তাই এই রীতির নাম মিশ্রকলাবৃত্ত বা মিশ্রবৃত্ত (Composite)। যেমন — এই সূর্যকরে এই / পুষ্পিত কাননে। — এই পংক্তিতে প্রথমভাগে আট এবং দ্বিতীয় ভাগে ছয় মোট চোদ্দ কালামাত্রা আছে। লক্ষ করা যায় মুক্তদল তিনটি রীতিতেই সর্বদায় একমাত্রা। রুদ্ধদল কলাবৃত্ত রীতিতে সব সময় দু'মাত্রা এবং মিশ্র কলাবৃত্ত রীতিতে শব্দের শেষে থাকলে দু'মাত্রা, প্রথমে বা মধ্যে থাকলে একমাত্রা হয়। যেমন 'অঞ্জন' শব্দটিতে (অন. জন) দুটি দল আছে। শব্দটি দলবৃত্তে দুই, কলাবৃত্তে চার এবং মিশ্রকলাবৃত্তে তিন মাত্রা পাবে। তিনটি রীতির এই নামগুলি প্রবোধচন্দ্র সেন প্রদত্ত। পূর্বে তিনি এদের নাম দেন যথাক্রমে স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত ও অক্ষরবৃত্ত। অমূল্যধন মুখোপাধ্যায় এই তিনটি রীতির নাম দেন যথাক্রমে, শ্বাসঘাত প্রধান, ধ্বনিপ্রধান ও তানপ্রধান। এছাড়াও এই তিনটি রীতির নাম বিভিন্ন সময়ে নানাজনে দিয়েছেন। যেমন, রবীন্দ্রনাথ — বাংলা প্রাকৃত, সাধু নূতন ও সাধু পুরাতন; দ্বিজেন্দ্রলাল — মাত্রিক, মিতাক্ষর নূতন ও মিতাক্ষর পুরাতন; সত্যেন্দ্রনাথ — চিত্রা, হৃদ্যা ও আদ্যা।

কোনো কবিতা দ্রুতগতিতে, কোনটা মধ্যম গতিতে, আবার কোনো কবিতা ধীর গতিতে পড়তে হয়। কবিতা পাঠের এই গতিকে বলা হয় 'লয়'। দলবৃত্ত রীতির কবিতা দ্রুত, কলাবৃত্ত মধ্যম এবং মিশ্রকলাবৃত্ত ধীর গতিতে পড়া হয় বলে সংখ্যাগুরু ছান্দসিকরা মনে করেন। বাংলা ছন্দের তাই তিনটি লয়। যথা — দ্রুত, মধ্যম ও ধীর। ড: রামবহাল

তেওয়ারী 'ছন্দ পরিচয়' গ্রন্থে মিশ্রকলাবৃত্তকে মধ্যম এবং কলাবৃত্তকে ধীর লয়ের ছন্দ বলেছেন। তাঁর বক্তব্য প্রনিধানযোগ্য কারণ যখন রুদ্ধদলকে প্রসারিত করে উচ্চারণ করা হয় তখন সময় বেশি লাগে এবং মাত্রাও বাড়ে অর্থাৎ পাঠের গতি কমে। মিশ্রকলাবৃত্ত রীতিতে রুদ্ধদল কখনো প্রসারিত কখনো সঙ্কুচিতভাবে উচ্চারিত হয়। অন্যদিকে কলাবৃত্ত রীতিতে রুদ্ধদল সর্বদায় প্রসারিতভাবে উচ্চারিত হয়। তাই কলাবৃত্ত ধীর এবং মিশ্রকলাবৃত্তের লয় মধ্যম বলেই মনে হয়। কিন্তু প্রবোধচন্দ্র সেন 'কোনো একটি লয়কে' কোনো একটি রীতির বৈশিষ্ট্য ধরতে চাননি।

কবিতা পাঠের সময় প্রতিটি পর্বের প্রথমে পড়ে ঝোঁক, আর শেষে পড়ে বিরতি। বিরতির মাধ্যমে ঝোঁকের বেগের সমাপ্তি ঘটে। এই ঝোঁকের নাম **'প্রস্বর'** (accent)। কবিতা এক নিঃশ্বাসে পড়া কারো পক্ষেই সম্ভব নয়, নিঃশ্বাস ফেলার জন্য বিরতি দিতে হয়। এই বিরতি কবিতায় দিতে হয় নির্দিষ্ট সময় অন্তর। গদ্যেও বিরতি থাকে কিন্তু তা পড়ে ভাব অনুযায়ী অনিয়মিত। নির্দিষ্ট সময় অন্তর কবিতায় যে বিরতি দেওয়া হয় তাকে বলে **'যতি'**। আর গদ্যের বিরতিকে বলে **'ছেদ'**। মনে রাখতে হবে গদ্যছন্দে বিরতি দেওয়া হয় ভাব অনুযায়ী। ছেদের অন্য নাম **'ভাবযতি'**। গদ্যছন্দ ব্যতিরেকে অন্যান্য কবিতাতেও ছেদচিহ্ন ব্যবহৃত হয় অর্থ বা ভাবকে পরিস্ফুট করার জন্য। কবিতায় যতির গুরুত্ব বেশি। তাহলে কবিতায় নির্দিষ্ট সময় অন্তর বিরতি হল যতি, আর গদ্য ও পদ্যে অর্থ অনুযায়ী বিরতি হল ছেদ। যতিকে প্রবোধ চন্দ্র সেন পাঁচটি ভাগে ভাগ করেছেন। যথা — অনুযতি বা দলযতি, উপযতি বা উপপর্বযতি, লঘুযতি বা পর্বযতি, মধ্যযতি বা পদযতি এবং পূর্ণযতি বা পংক্তিযতি। দলের পর অনুযতি, উপপর্বের পর উপযতি, পর্বের পর লঘুযতি, পদের পর মধ্যযতি এবং পংক্তির শেষে পূর্ণযতি পড়ে। ছন্দনির্ণয়ের ক্ষেত্রে লঘুযতির গুরুত্ব যথেষ্ট, তবে মধ্যযতি এবং পূর্ণযতির গুরুত্ব আরও বেশি।

'চন. দ্র ঃ য. খন / অস্. তে ঃ নামি. ল // ত.খ. নো ঃ র. য়ে. ছে / রা. তি।' এখানে একটা ফুটকি (.) দিয়ে অনুযতি, দুটি ফুটকি (ঃ) দিয়ে উপযতি, বাঁকা একটা দাগ (/) দিয়ে লঘুযতি, বাঁকা দুটি দাগ (//) দিয়ে মধ্যযতি এবং শেষে দাঁড়ি (।) দিয়ে পূর্ণযতির অবস্থান দেখানো হল। পূর্ণযতির স্থানে সব থেকে বেশি সময়ের বিরতি দেওয়া হয়, তবে তার থেকে কম সময় দেওয়া হয় মধ্যযতিতে, লঘুযতির ক্ষেত্রে তার থেকেও কম। অনুযতি ও উপযতি না দিলে দল ও উপপর্ব স্পষ্ট উচ্চারিত হবে না। পূর্ণযতির মাধ্যমে নির্দিষ্ট ধ্বনিসমূহকে পংক্তি, মধ্যযতি-নির্দিষ্ট ধ্বনি সমষ্টিকে পদ, লঘুযতি-নির্দিষ্ট ধ্বনিকে পর্ব, উপযতি-নির্দিষ্ট ধ্বনিকে উপপর্ব এবং অনুযতি-নির্দিষ্ট ধ্বনিখণ্ডকে বলে দল।

পর্ব তিন প্রকার — পূর্ণপর্ব, অপূর্ণপর্ব ও অতিপর্ব। পূর্ণপর্বগুলি পংক্তির প্রথমে ও মাঝখানে থাকে; আর অপূর্ণ পর্বগুলির মাত্রা পূর্ণপর্বের থেকে কম হয় এবং এগুলি থাকে পংক্তির শেষে, কখনো কখনো পদের শেষে। পূর্বের দৃষ্টান্তে 'রাতি' অপূর্ণ এবং বাকীগুলো পূর্ণপর্ব। কখনো কখনো পংক্তির প্রথমে ও মাঝখানে এমন কিছু শব্দ থাকে যার সঙ্গে কবিতার ছন্দের কোনো সম্পর্ক থাকে না, যা শুধু কবিতার ভাব-প্রকাশে সাহায্য করে তাকে বলা হয় অতিপর্ব। ১) 'ওগো, কে তুমি বসিয়া / উদাস মুরতি / বিষাদশান্ত / শোভাতে।' এই দৃষ্টান্তে 'ওগো' অতিপর্ব। (২) 'ভজন পূজন / সাধন আরাধানা / সমস্ত থাক / পড়ে। রুদ্ধদ্বারে / দেবালয়ের / কোণে / কেন আছিস / ওরে।' এখানে 'সাধন' ও 'কোণে' পংক্তির মাঝের অতিপর্ব। দুটি বা তিনটি পর্ব নিয়ে সাধারণত পদগুলি গঠিত হয়। মধ্যযুগের পয়ার এবং ত্রিপদী ছন্দোবন্ধে শুধু পংক্তিও পদ লক্ষ করা যায়, পর্ব দেখা যায় না; কারণ তখন কবিদের পর্বের ধারণা গড়ে ওঠেনি। তাই তাঁরা যাকে লঘু ত্রিপদী নামে অভিহিত করেছেন আধুনিককালের ছান্দসিক প্রবোধচন্দ্র সেনের বিচারে তা সঙ্গত কারণেই দ্বিপদী পংক্তি। যেমন —

'সুখের লাগিয়া এঘর বাঁধিনু
অনলে পুড়িয়া গেল।'

এখানে ছ'মাত্রার তিনটি ও দু'মাত্রার একটি মোট চারটি পর্ব এবং দুটি পদ আছে। পূর্বে বলা হয়েছে পূর্ণযতি নির্দিষ্ট ধ্বনি সমষ্টিকে বলে পংক্তি। পংক্তির শেষে কখনো ছেদ পড়ে (পয়ার, ত্রিপদী), কখনো কখনো পড়ে না (অমিত্রাক্ষর, মুক্তক ও প্রবহমান পয়ার), কখনো একটি পংক্তির মধ্যেই ভাব পূর্ণভাবে প্রকাশিত হয় (পয়ার, ত্রিপদী), কখনো কখনো হয় না (অমিত্রাক্ষর, প্রবহমানপয়ার ও মুক্তক), মুক্তক ও গদ্যছন্দ ব্যতিরেকে অন্যান্য ছন্দোবন্ধে পংক্তি সমান হয়। একপদী, দ্বিপদী, ত্রিপদী ও চৌপদী — এই চার প্রকার পঙ্‌ক্তি বাংলা কবিতায় লক্ষ করা যায়। Metrical Line বা verse-কে প্রবোধচন্দ্র পংক্তি এবং অমূল্যধন 'চরণ' নাম দিয়েছেন।

মোট চোদ্দ মাত্রার (৮+৬) দ্বিপদী পংক্তিকে পয়ার বলা হয়। কেউ কেউ অন্ত্যমিলযুক্ত চোদ্দ মাত্রার (৮+৬) দ্বিপদী দুটি পংক্তিকে পয়ার বলেছেন। পয়ারের নানা রূপ— মহাপয়ার, প্রবহমান অন্তমিলযুক্ত ও অন্তমিলহীন পয়ার ও মহাপয়ার। আঠারো মাত্রার (৮+১০) দ্বিপদী পংক্তি হল মহাপয়ার। যে পয়ারে ভাব একটি পংক্তি থেকে অপর পংক্তিতে প্রবাহিত হয় তা প্রবহমান পয়ার। প্রবহমান মহাপয়ার একই বস্তু, শুধু চারমাত্রা বেশি থাকে। তিনটি পদযুক্ত পংক্তি ত্রিপদী। ত্রিপদী দু'রকম — লঘুত্রিপদী (৬+৬+৮ মোট ২০ মাত্রার) ও দীর্ঘত্রিপদী ((৮+৮+১০ মোট ২৬ মাত্রার)। চারটি পদ নিয়ে গঠিত পংক্তি চৌপদী। চৌপদীও দু'প্রকার — লঘু চৌপদী (৬+৬+৬+৫=২৩) মাত্রার এবং দীর্ঘ চৌপদী (৮+৮+৮+৬=৩০ মাত্রার)। একাবলী ৬+৫=১১ মাত্রার এবং দিগক্ষরা ১০+১০=২০ মাত্রার। এর মধ্যে লঘুত্রিপদী ও লঘুচৌপদী বর্তমানে রচিত হয় না। লঘুত্রিপদী যেমন আধুনিক বিচারে দ্বিপদী তেমনি লঘুচৌপদীও দ্বিপদী পংক্তি। যেমন —

'চিরসুখীজন / ভ্রমে কি কখন // ব্যথিতবেদন / বুঝিতে পারে?
কি যাতনা বিষে / বুঝিবে সে কিসে // কভু আশীবিষে / দংশেনি যারে।

এই পংক্তি দুটিকে প্রাচীন ধারায় চৌপদী বলা হয়।

প্রকৃত ত্রিপদী — কোথায় কবে / আছিলে জাগি, //
বিরহ তব / কাহার লাগি //
কোন্ সে তব / প্রিয়া। // কলাবৃত্ত — ১০+১০+৭, পর্ব ৫ ও ২ মাত্রা।

প্রকৃত চৌপদী — ভাবে বুঁদ হয়ে, / বুদবুদে ভরা, /
বাসনার রঙে / রাঙা রঙ্ করা, //
নীর নাহি যায় / বহ্নির প্রায় // সুরায় পড়গো / ঢুলি; (অঘোর-পন্থী)
কলাবৃত্ত — ১২+১২+১২+৮, পর্ব ৬ ও ২ মাত্রা।

আমরা তাই এখন শুধু ত্রিপদী ও চৌপদী শব্দদুটিই ব্যবহার করব। এ প্রসঙ্গে আরও একটা কথা বলা দরকার। একটি পর্ব এবং দুটি পর্ব নিয়ে গঠিত একপদী পংক্তিও লক্ষ্য করা যায়। যেমন —

১। এক পর্বের একপদী পংক্তি, ২। দুই পর্বের একপদী পংক্তি,

কলাবৃত্ত, ৪ মাত্রার পর্ব

বায়ু বয়
বন ময়।
বাঁশ গাছ
করে নাচ।
— সহজ পাঠ, প্রথম ভাগ।

কলাবৃত্ত, ৪ মাত্রার পর্ব, ৮ মাত্রার পদ

কালোরাতি / গেল ঘুচে
আলো তারে দিল মুছে।
পূব দিকে / ঘুম ভাঙা
হাসে ঊষা / চোখ রাঙা।
— সহজ পাঠ, দ্বিতীয় ভাগ।

একটি কবিতায় একটি ভাব প্রকাশিত হয়। কিন্তু সেই ভাবের একাধিক স্তর থাকে অনেক ক্ষেত্রে। সেই স্তরগুলিকে কবিরা যখন একাধিক প্রণালীবদ্ধ পংক্তি সমাবেশের মাধ্যমে প্রকাশ করেন তখন তাকে শ্লোকবন্ধ বা স্তবক বলে। প্রণালীবদ্ধ পংক্তি সমাবেশ বলতে বোঝায় একটি স্তবকের অন্তর্গত পংক্তিগুলির মধ্যে অন্তরঙ্গে ভাবের এবং বহিরঙ্গে আঙ্গিকের বন্ধনকে। গঠনের দিক থেকে একটি স্তবক যেমন হবে পরবর্তী স্তবকগুলিও ঠিক তেমনি হবে। তবে পংক্তিগুলি যে সমান হবে এমন কোনো কথা নেই। একই ধরণের দুটি পংক্তির সমাবেশকে যুগ্মক (Cuplet) বলে। একইভাবে তিন ও চার পংক্তির সমাবেশকে যথাক্রমে ত্রিক (triplet) ও চতুষ্ক (quartet) বলে। চারের বেশি পংক্তি নিয়ে গঠিত শ্লোককে বলে স্তবক (stanza)। পাঁচ, ছয়, সাত ও আট পংক্তির স্তবকের নাম যথাক্রমে পঞ্চক (quitet), ষট্‌ক (sestet), সপ্তক (heptet) এবং অষ্টক।

স্তবকের কয়েকটি দৃষ্টান্ত ঃ—

১) যুগ্মক (Cuplet) ঃ সপ্তকোটি সন্তানেরে হেমুগ্ধ জননী
রেখেছো বাঙালি করে মানুষ করোনি।

২) ত্রিক (triplet) ঃ নিত্য তোমার চিত্ত ভরিয়া স্মরণ করি,
অন্তবিহীন বিজনে বসিয়া বরণ করি;
তুমি আছ মোর জীবনমরণ হরণ করি — মানসী, ধ্যান।

৩) চতুষ্ক (quartet) ঃ হায় গো বন্ধু, সত্যসন্ধ — দুঃখের নেশাখোর।
বুঝিবে কি তুমি — এই জগতের সকলেই সুখ-চোর।
যার গানে আছে যত আনন্দ,
নৃত্য-চটুল চপল ছন্দ —
হয়ত সে দুখী সব চেয়ে, তার দুঃখের নাহি ওর,
ফাঁসীর কয়েদী ওজনে বাড়িছে — ধন্য সে সুখ-চোর।
— হেমন্ত গোধূলী, দুঃখের কবি।

(২)

এবার আমরা তিনটি রীতির ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করব। প্রথমে দলবৃত্ত রীতির কথা। লোকসাহিত্যে

দলবৃত্ত ছন্দের প্রচলন ছিল দীর্ঘকাল ধরে। রবীন্দ্রনাথই প্রথম এই ছন্দে লিখিত সাহিত্য অর্থাৎ কবিতা রচনা করে একে আভিজাত্য দান করেন। সংজ্ঞায় অনেক জিনিসের সব পরিচয় ধরা পড়ে না। তবু চেষ্টা করা গেল। যে ছন্দের প্রতি পর্বের প্রথমে প্রস্বর বা ঝোঁক পড়ে, পর্বগুলি হয় সাধারণত চার মাত্রার, মুক্ত-রুদ্ধনির্বিশেষে প্রতিটি দল একমাত্রা পায় তাকে বলে দলবৃত্ত ছন্দ। সংজ্ঞাটিকে বিশ্লেষণ করলে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি পাওয়া যায়। ১) প্রতি পর্বের প্রথমে একটা প্রস্বর বা ঝোঁক পড়বে। ২) পর্বগুলি হয় চার দলমাত্রার। কোনো পর্বে চারের বেশি বা কম দল থাকলে যথাক্রমে সংক্ষিপ্ত বা প্রসারিত উচ্চারণের দ্বারা তাকে চার মাত্রায় এনে মাত্রা-সমতা বজায় রাখতে হয়। (৩) মুক্ত রুদ্ধ প্রতিটি দল একমাত্রা পায়। তবে পংক্তির শেষের অপূর্ণপর্বে যদি একটি মাত্র রুদ্ধদল থাকে তবে তা দু'মাত্রা পায়। অনেক সময় পদের শেষ রুদ্ধদল দু-মাত্রা পায়। ৪) প্রতি পংক্তিতে সাধারণতঃ দুই, তিন ও চারটি পর্ব থাকে। তবে পাঁচ ও ছয় পর্বের পংক্তিও লক্ষ্য করা যায়। ৫) একপদী, দ্বিপদী, ত্রিপদী, চৌপদী, পয়ার, মহাপয়ার, মুক্তক ইত্যাদি ছন্দোবন্ধ এই রীতিতে রচিত হয়।

১। হায়রে কবে / কেটে গেছে // কালিদাসের / কাল,
পণ্ডিতেরা / বিবাদ করে // লয়ে তারিখ / সাল।
আপাতত / এই আনন্দে // গর্বে বেড়ায় / নেচে,
কালিদাস তো / নামেই আছেন // আমি আছি / বেঁচে। — ক্ষণিকা, সেকাল।
— এই দৃষ্টান্তে 'কাল' ও 'সাল' পংক্তির শেষের এই রুদ্ধদল দুটি দু'মাত্রা করে পেয়েছে।

২। চোদ্দ বছর / কদিনে হয় // জানিনে মা / ঠিক
'দণ্ডক বন' / আছে কোথায় // ঐ মাঠে কোন দিক।
— এখানে দ্বিতীয় পংক্তির প্রথম পর্বে দন. ডক. বন. এই তিনটি রুদ্ধদলের মাঝেরটি প্রসারিত হয়ে চার দলমাত্রা হয়েছে।

৩। বাইরে কেবল / জলের শব্দ / ঝুপ ঝুপ / ঝুপ
দস্যি ছেলে / গল্প শুনে // একেবারে / চুপ।
— এই উদাহরণের প্রথম পংক্তির তৃতীয় পর্বের 'ঝুপ ঝুপ' চারমাত্রা পেয়েছে।

৪। চলি চলি / পা পা // টলি টলি / যায়
গরবিনী / হেসে হেসে // আড়ে আড়ে / চায়।
প্রথম পংক্তির দ্বিতীয় পর্বের 'পা পা' চার মাত্রা পায় আমাদের উচ্চারণে।

৫। কত লোক যে / পালিয়ে গেল / ভয়ে
কত লোকের / মাথা পড়ল / কাটা।
এটা একটা দ্বিপদী পংক্তি। প্রথম পদের দ্বিতীয় পর্বের 'পালিয়ে' আমাদের উচ্চারণে 'পাল্‌য়ে' রূপ নিয়ে দুই

দলে পরিণত হয়েছে এবং দুই মাত্রা পেয়েছে।

৬। সন্ধ্যা তারা / উঠে অস্তে / গেল,
চিতা নিবে / এল নদীর / ধারে,
কৃষ্ণপক্ষে / হলুদবর্ণ / চাঁদ
দেখা দিল / বনের একটি / পারে — ক্ষণিকা, কবির বয়স।

এখানে দ্বিতীয় পংক্তির প্রথম পদের শেষরুদ্ধদল 'চাঁদ' দুইমাত্রা পেয়েছে। দুই ও তিন দলমাত্রার পর্ব রচনা করেছেন সত্যেন্দ্রনাথ দত্ত। ছয় দলমাত্রার পর্ব দেখা যায় দ্বিজেন্দ্রলাল রায়ের 'আলেখ্য' (১৯০৭) কাব্যের কোনো কোনো কবিতায়। সাত দলমাত্রার পর্ব পাওয়া যায় রবীন্দ্রনাথ প্রমুখ কোনো কোনো কবির রচনায়।

(৩)

কলাবৃত্ত ছন্দ দু'প্রকার — প্রাচীন কলাবৃত্ত ও আধুনিক কলাবৃত্ত। আধুনিক কলাবৃত্ত ছন্দের প্রবর্তক রবীন্দ্রনাথ। মধ্যযুগে ব্রজবুলি ভাষায় রচিত বৈষ্ণবপদে প্রাচীন কলাবৃত্ত ছন্দের ব্যবহার লক্ষ করা যায়। এই ছন্দে কবিতা রচনার ক্ষেত্রে কবিরা সংস্কৃতের অনুসরণে বাংলা স্বরকে হ্রস্ব ও দীর্ঘ — এই দু'ভাগে বিভক্ত করেছেন, কিন্তু মাত্রা নির্ণয়ের ক্ষেত্রে সংস্কৃতছন্দের নিয়ম সেভাবে মেনে চলেননি।

ড. জীবেন্দ্র সিংহরায় প্রাচীন কলাবৃত্ত ছন্দের এই বৈশিষ্ট্যগুলি উল্লেখ করেছেন —

১। আ, ঈ, ঊ, ঐ, ঔ, অনুস্বার ও বিসর্গযুক্ত অক্ষর, যুক্তব্যঞ্জনের পূর্ববর্তী অক্ষর, চরণের (পংক্তির) শেষ অক্ষর, ব্যঞ্জনযুক্ত এ-কার, ও-কার দীর্ঘঅক্ষর বা দল এবং দু-মাত্রা পায় কিন্তু বিকল্পে হ্রস্ব উচ্চারিত হতে পারে এবং একমাত্রা পেতে পারে।

২। হ্রস্ব অক্ষর (স্বর) এক মাত্রা পায়, তবে বিকল্পে প্রয়োজনে দু'মাত্রা পেতে পারে।

উদাহরণ :

২ ১১ ১১১১ ২ ১১ ২২
১। হাথক / দরপন / মাথক / ফুল = ৪+৪+৪+৪
১১১১ ২১১ ১১১ ১ ২ ২
নয়নক / অঞ্জন / মুখক তা ম্বুল।। = ৪+৪+৪+৪
১১১১ ১১১১ ২১১ ২২
হৃদয়ক / মৃগমদ / গীমক / হার = ৪+৪+৪+৪
২ ১১ ১১১ ২১১ ২২
দেহক / সরবস / গেহক / সার।। = ৪+৪+৪+৪

মন্তব্য : দ্বিতীয় পংক্তির তৃতীয় ও চতুর্থ পর্ব একসঙ্গে উচ্চারিত হবে। 'তাম্বুল' শব্দের 'তাম্' দলের পর লুপ্তযতি পড়েছে। দুটি পর্বে মোট আট মাত্রা পেয়ে পংক্তির মাত্রাসমতা রক্ষা করেছে।

২ ১ ১ ২ ১ ১ ১১ ১১ ১১১১

২। কন্টক / গাড়ি ক / মল সম / পদতল = ৪+৪+৪+৪

২ ১১ ২১ ১ ২ ২

মঞ্জীর / চীরহি / ঝাঁপি = ৪+৪+৪+৪

২ ১ ১ ২ ২ ১ ১ ১১ ২ ১১

গাগরি / বারি / ঢারি করি / পীছল = ৪+৪+৪+৪

১১১১ ২ ১১ ২ ২

চলতহি / অঙ্গুলি / চাপি।। = ৪+৪+৪+৪

— গোবিন্দ দাস

মন্তব্য : পর্ব চারমাত্রার। ত্রিপদী পংক্তি। 'বারি'-র 'রি'; 'ঝাপি' ও 'চাপি'-র 'পি' দুমাত্রা এবং 'ঢারি'-র 'ঢা' একমাত্রা পেয়েছে।

যে ছন্দে ধ্বনিগুলি পূর্ণ উচ্চারিত হয়, তার অতিরিক্ত কোনো সুর সৃষ্টি হয় না, মূল পর্ব চার, পাঁচ, ছয় বা সাত মাত্রার হয়, প্রতিটি রুদ্ধদল সবসময় দু-মাত্রা এবং প্রতিটি মুক্তদল সবসময় এক মাত্রা পায়, তাকে আধুনিক কলাবৃত্ত ছন্দ (Simple Moric metre) বলে। এই ছন্দের বৈশিষ্ট্য নিম্নরূপ —

১। প্রত্যেকটি ধ্বনি পূর্ণরূপে উচ্চারিত হয়, অতিরিক্ত কোনো তান বা সুর সৃষ্টি হয় না।

২। মূল পর্ব হয় চার, পাঁচ, ছয় বা সাত মাত্রার।

৩। মুক্তদল এক মাত্রা এবং রুদ্ধদল দু-মাত্রা পায়। তবে ব্যতিক্রম থাকে।

উদহরণ :

১ ১১ ১১ ১ ২ ১ ১ ২ ২ ২ ১১ ২

১। আমরা ডরি না / মৃত্যুরে কেউ // শব-শিব একা / কার। = ৬+৬+৬+২

১ ২ ১ ২ ২ ২ ১১ ১১১ ১১ ১ ২

জীবন-সুরায় / নিঃশেষ করি // দেখি যে তলানি / সার = ৬+৬+৬+২

— অঘোর পন্থী, মোহিত লাল

১ ১ ২ ২ ১১ ২ ২

২। বাঙালির প্রাণ, / বাঙালির মন, //

১১ ২ ১১ ১১ ২ ২

বাঙালির ঘরে / যত ভাই বোন //

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ১ ১১ ২

এ-ক হউক, / এ-ক হউক, / এ-ক হউক / হে ভগবান।

মন্তব্য : এখানে 'এ-ক' রুদ্ধদলটি তিন মাত্রা পেয়েছে।

(৪)

যে ছন্দে মূল পর্ব চার মাত্রার, মুক্তদল ও অপ্রান্ত রূদ্ধদল একমাত্রা, প্রান্ত ও একক রুদ্ধদল দু-মাত্রা পায় তাকে মিশ্রকলাবৃত্ত ছন্দ বলে। পাঁচ, ছয় ও সাত মাত্রার পর্ব কিছু দেখা যায়। এই ছন্দের শোষণশক্তি খুব বেশি। পদগুলি বড়ো বলে শব্দের আদি ও মধ্যস্থলে যুক্তাক্ষর বৃদ্ধির মাধ্যমে ধ্বনির পরিমাণ বাড়ালেও মাত্রাসংখ্যা অপরিবর্তিত থাকে। রবীন্দ্রনাথ এটা দৃষ্টান্ত দিয়ে দেখিয়েছেন।

প্রবোধচন্দ্র সেন ৮ ও ১০ মাত্রার পর্ব মানতে চান নি। তাঁর মতে এগুলি প্রকৃতপক্ষে ৪+৪ ও ৪+৪+২ মাত্রার যথাক্রমে দুই বা তিন পর্বের পদ।

মিশ্রকলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য হল :

১। ধ্বনির অতিরিক্ত একটা সুর থাকে

২। শোষণ-ক্ষমতা বেশি।

৩। মুক্তদল এক মাত্রাপায়। প্রান্ত্য ও একক রুদ্ধদল দুই মাত্রারপায়। অপ্রান্ত্যরুদ্ধদল যদি তদ্ভব শব্দে অযুক্তাক্ষরে প্রকাশিত হয় তবে দুই মাত্রা অন্যান্য ক্ষেত্রে একমাত্রা পায়, তবে ব্যতিক্রম থাকে।

উদাহরণ :

১ ২ ১ ১১ ১১ ২ ১১ ২

১। আমায় জা / নিলে আমি // আর নাহি / দায়, = ৮+৬

১১ ২ ২ ১১ ১ ১ ২ ২

অহং কার / বোধ হলে // অহংকার / যায়। = ৮+৬

— কে তুমি, ঈশ্বর গুপ্ত

— এখানে 'অহং' শব্দের 'হং' একমাত্রা পেয়েছে।

১১ ১ ১ ২ ১ ১

২। যত চাপিলাম মুঠি // = ৮

১ ১ ১১ ১১ ১১

পাপড়িগুলি গেল টুটি — // = ৮

১ ১ ১ ১ ২ ১ ১ ২

কান্না ওঠে, গান থেমে যায়। = ১০

এখানে একটি ত্রিপদী পংক্তি আছে। 'পাপড়ি' শব্দটি তদ্ভব হওয়া সত্ত্বেও এখানে 'পাপ' রুদ্ধদলটি একমাত্রা পেয়েছে।

(৫)

মাইকেল মধুসূদন দত্ত প্রথম পয়ারের বাঁধন ভেঙে বাংলা ছন্দের মধ্যে শুধু বৈচিত্র্যই সৃষ্টি করেননি ভাবপ্রকাশের

ক্ষমতাও বৃদ্ধি করতে সক্ষম হন। মিলটনের Blank Verse-এর অনুসরণে মিশ্রকলাবৃত্ত রীতির আধারে মধুসূদন সৃষ্ট এই ছন্দোবন্ধের নাম অমিত্রাক্ষর ছন্দ। মধুসূদন এই ছন্দের প্রথম প্রবর্তন করেন **'পদ্মাবতী'** নাটকে। পরে **'তিলোত্তমাসম্ভব'** ও **'মেঘনাদবধকাব্য'**-এ ছন্দের চরম উৎকর্ষ সৃষ্টি করেন। **'বীরাঙ্গনা'** কাব্য এই ছন্দে রচনা করে কবি প্রমাণ করেন গুরুগম্ভীর ভাবপ্রকাশই নয়, লঘু ভাবের প্রকাশেও তা সক্ষম। এই ছন্দের প্রধান বৈশিষ্ট্য হল — (১) পংক্তির শেষে যেখানে পূর্ণযতি পড়ে সেখানে পূর্ণছেদ পড়ার বাধ্যবাধকতা থাকল না অর্থাৎ সেখানে ভাব পূর্ণতা পেলে ছেদ পড়বে, আর তা নাহলে পড়বে না। পূর্ণছেদ পরবর্তী পংক্তিগুলির যে কোনো জায়গায় পড়বে। (২) এতে ভাবকে প্রতিটি পংক্তির মধ্যে প্রকাশ করার বাধ্যবাধকতাও থাকল না, তা একপংক্তি থেকে অন্যান্য পংক্তিতে প্রবাহিত হওয়ার সুযোগ পেল। অর্থাৎ ভাবের প্রবহমানতা সৃষ্টি হল। (৩) অন্ত্যমিল থাকল না। (৪) প্রতিটি পংক্তি ১৪ মাত্রার দ্বিপদী। (৫) মাত্রাগণনা মিশ্রকলাবৃত্তরীতির নিয়ম অনুযায়ী।

১। উতরি জলধিকলে, // পশিলা সুন্দরী = ৮+৬
নীল-অম্বু-রাশি। হেথা // কেশব-বাসনা = ৮+৬
পদ্মাক্ষী, চলিলা রক্ষঃ // কুল-লক্ষ্মী, দূরে = ৮+৬
যথায় বাসব-ত্রাস // বসে বীরমণি = ৮+৬
মেঘনাদ। শূন্যমার্গে // চলিলা ইন্দিরা। = ৮+৬

— এখানে পাঁচটি পংক্তি আছে। পূর্ণছেদ পড়েছে দ্বিতীয় পংক্তির মধ্যে এবং পঞ্চম পংক্তির মধ্যে ও শেষে। ভাব অবলীলায় এক পংক্তি থেকে অপর পংক্তিতে প্রবাহিত হয়েছে।

অমিত্রাক্ষরছন্দকে অন্ত্যমিলহীন প্রবহমান পয়ার বলে। পরবর্তীকালে রবীন্দ্রনাথ অন্ত্যমিলযুক্ত প্রবহমান পয়ার ও মহাপয়ার সৃষ্টি করে বাংলা ছন্দোবন্ধে আরও বৈচিত্র্য এনে বাংলা কাব্যকে উৎকর্ষ মণ্ডিত করেন।

(৬)

গিরিশচন্দ্র ঘোষ তাঁর নাটকে অন্ত্যমিলহীন অসম পদ ও পংক্তির প্রবহমান মিশ্রকলাবৃত্ত রীতির এক ধরণের ছন্দোবন্ধ রচনা করেন যা 'গৈরিশছন্দ' নামে পরিচিত। কেউ কেউ একে 'ভাঙা' অমিত্রাক্ষরছন্দ বলেছেন। রবীন্দ্রনাথ একে যথার্থ অমিত্রাক্ষরছন্দ বলেন। অমূল্যধন মুখোপাধ্যায় এই ছন্দোবন্ধকে বলেন যথার্থ Fee Verse বা মুক্তক। এসব মত প্রণিধানযোগ্য। বাংলাছন্দের বন্ধন-মুক্তির একটি স্তরে গৈরিশছন্দের ভূমিকা অনস্বীকার্য। তবে এই ছন্দ শুধু নাটকেই ব্যবহৃত হয়েছে, কবিতায় নয়। গৈরিশছন্দের বৈশিষ্ট্য —

১। রীতিতে মিশ্রকলাবৃত্ত।
২। মাত্রাগণনা মিশ্রবৃত্তের অনুরূপ।
৩। পঙ্‌ক্তি অসম, অন্ত্যমিলহীন ও পর্বগুলিও অসমান।
৪। ভাবের প্রবহমানতা বর্তমান।
৫। যতি নয়, ভাব অনুযায়ী ছেদ ব্যবহার হয়।

উদাহরণ :

গিরিধারী / নাহি বাহুবল তব = ৪+৮

চাহ বুঝাইতে / তোমা হতে আমি বলাধিক = ৬+১০
ক্ষত্রিয় সমাজে / কথা বটে সম্মান-সূচক = ৬+১০
ছল নহি আমি / অতিছল তুমি, = ৬+৬

(৭)

বাংলাছন্দের বন্ধন-মুক্তির ইতিহাসে মধুসূদনের অমিত্রাক্ষর প্রথম প্রয়াস। দ্বিতীয় প্রচেষ্টা গিরিশচন্দ্রের গৈরিশছন্দ। রবীন্দ্রনাথের মুক্তবন্ধ বা মুক্তক বা বলাকাছন্দ তৃতীয় স্তর। এই ছন্দোবন্ধের প্রথম ব্যবহার দেখা যায় 'মানসী' কাব্যের 'নিষ্ফল কামনা' কবিতায়। তবে তারও পূর্বে কিছু কবিতায় এর পরীক্ষা-নিরীক্ষা করেন রবীন্দ্রনাথ। 'বলাকা' কাব্যেই এর প্রথম সার্থক ব্যবহার ব্যাপকভাবে দেখা যায়। এবং এটা একটা নতুন ধরনের ছন্দোবন্ধের মর্যাদা পায়। এই ছন্দোবন্ধের বৈশিষ্ট্য :

১। পংক্তিগুলি হবে অসমান সমিল বা অমিল।
২। ভাবের প্রবহমানতা থাকবে।
৩। তিনটি রীতিতেই এই ছন্দোবন্ধ রচিত হয়।
৪। মাত্রা নির্ণয় করা হয় রীতি অনুযায়ী।
৫। মিশ্রবৃত্ত রীতিতে পর্বগুলো অসমান হলেও কলাবৃত্ত ও দলবৃত্ত রীতিতে সমান পর্ব দেখা যায়।
৬। পর্বের মাত্রা হয় জোড় সংখ্যার (২, ৪, ৬, ৮, ১০)।

বলাকাছন্দে বা মুক্তক ছন্দোবন্ধ প্রকৃতপক্ষে গৈরিশছন্দের বৈচিত্র্যপূর্ণ রূপ যা বাংলাছন্দের ভার বহনের ক্ষমতা ও উৎকর্ষ বৃদ্ধি করেছে। বলাকা, পলাতকা, শ্যামলী, সেঁজুতি, পরিশেষ, পুনশ্চ, আকাশপ্রদীপ, আরোগ্য, জন্মদিনে প্রভৃতি কাব্যে এই ছন্দে রচিত কবিতা আছে।

উদাহরণ :

১। দলবৃত্ত রীতির সমিল মুক্তক
বিনর বয়স / তেইশ তখন // রোগে ধরল / তারে = ৪+৪+৪+২
ওষুধে ডা / ক্তারে = ৪+২
ব্যাধির চেয়ে / আধি হল / বড়ো = ৪+৪+২
নানা ছাপের / জমল শিশি // নানা মাপের / কৌটো হল / জড়ো। = ৪+৪+৪+৪+২

২। মিশ্রকলাবৃত্তের সমিল মুক্তক —
একদিন তরীখানা / থেমেছিল এই ঘাটে লেগে = ৮+১০
বসন্তের / নতুন হাওয়ার / বেগে। = ৪+৬+২
তোমরা শুধায়েছিলে / মোরে ডাকি, = ৮+৪
'পরিচয় কোনো / আছে নাকি, = ৬+৪

যাবে কোনখানে?' = ৬
আমি শুধু / বলেছি, 'কে জানে!' = ৪+৬
— পরিচয়, সেঁজুতি

(৮)

পয়ারের আঁটসাঁট বাঁধন ছিঁড়ে ছন্দোমুক্তির যে শুভসূচনা হয়েছিল অমিত্রাক্ষরে তা গৈরিশ ও মুক্তকের মধ্যদিয়ে দ্বিতীয় ও তৃতীয় স্তর পেরিয়ে পূর্ণতা পেয়েছে গদ্যছন্দে। এই ছন্দোবন্ধের স্রষ্টা রবীন্দ্রনাথ। **'লিপিকা'** (১৯২২) গ্রন্থে তিনি প্রথম কয়েকটি গদ্যকবিতা লিখেছিলেন, কিন্তু লজ্জায় ছাপানোর সময় বাক্যগুলিকে পদ্যের মতো খণ্ডিত করে সাজাননি। **'পুনশ্চ'** (১৯৩২) কাব্যে তিনি সরাসরি গদ্যছন্দে কবিতা লিখলেন। এরপর তিনি শেষসপ্তক, পত্রপুট, শ্যামলী, আরোগ্য, জন্মদিনে প্রভৃতি কাব্যে প্রচুর গদ্যকবিতা রচনা করে গদ্যছন্দ ও বাংলা কবিতার উৎকর্ষ সৃষ্টি করেছেন। গদ্যকবিতা এখন অত্যন্ত জনপ্রিয়। গদ্যে কোনো ছন্দ থাকে না। এখানেই পদ্যের সঙ্গে গদ্যের পার্থক্য। কিন্তু গদ্যকবিতা বা গদ্যছন্দে একটা সূক্ষ্ম স্পন্দন থাকে। প্রতিভাধর কবিরা গদ্যছন্দে প্রচুর উৎকৃষ্ট বাংলা কবিতা রচনা করেছেন।

এই ছন্দের বৈশিষ্ট্য নিম্নরূপ :

১। এই ছন্দোবন্ধ রচিত হয়েছে কেবলমাত্র মিশ্রকলাবৃত্ত রীতিতে।
২। মুক্ত ও অপ্রান্ত রুদ্ধদল এক এবং প্রান্ত্য ও একক রুদ্ধদল দু'মাত্রা পায়। সমাসবদ্ধ শব্দের পূর্বপদের প্রান্ত্যরুদ্ধদল কখনও কখনও দু'মাত্রা পায়।
৩। ভাবের প্রবহমানতা থাকে।
৪। কোথাও যতি পড়ে না। যেখানে ভাব পূর্ণতা পায় সেখানে পূর্ণছেদ এবং মাঝে অর্ধছেদ পড়ে।
৫। পংক্তির শেষে পূর্ণছেদ পড়ার বাধ্যবাধকতা নেই।
৬। পংক্তির শেষে অন্ত্যমিল থাকে না।
৭। পর্ব ও পংক্তিগুলি হয় অসমান।
৮। যে কোনো বিষয় নিয়ে এই ছন্দোবন্ধে কবিতা লেখা যায়।
৯। শব্দ ব্যবহারের ক্ষেত্রে গদ্যপদ্যের সীমারেখা টানা হয় না।
১০। মম, তব, তরে, সনে, মোর, হেথা প্রভৃতি শব্দ ব্যবহৃত হয় না।
১১। পর্ব ভাগ করা হয় ভাব অনুযায়ী।
১২। পর্বের মাত্রা সংখ্যা জোড় ও বিজোড় যে কোনো রকম হতে পারে।

উদাহরণ :

অমলার মা যখন / গেলেন মারা ৮+৫=১৩
তখন ওর বয়স ছিল / সাত বছর। ১০+৫=১৫
কেমন একটা / ভয় লাগল মনে ৬+৭=১৩
ও বুঝি বাঁচবে না / বেশিদিন। ৭+৪=১০

কেননা, / বড়ো করুণ ছিল / ওর মুখ,	৩+৭+৪=১৪
যেন / অকালবিচ্ছেদের ছায়া	২+৯=১১
ভাবী কাল থেকে / উলটে এসে পড়েছিল	৬+৯=১৫
ওর বড়ো বড়ো / কালো চোখের উপরে।	৬+৮=১৪
সাহস হত না / ওকে সঙ্গছাড়া করি।	৬+৮=১৪
কাজ করছি / অফিসে বসে,	৫+৫=১০
হঠাৎ হত মনে	=৭
যদি কোনো / আপদ ঘটে থাকে।।	৪+৭=১১

এই স্তবকে আছে বারোটি পংক্তি। পূর্ণছেদ পড়েছে দ্বিতীয়, চতুর্থ, অষ্টম, নবম ও দ্বাদশ পংক্তির শেষে। অর্ধছেদ পঞ্চম ও দশম পংক্তির শেষে। ভাবের প্রবহমানতা আছে। পংক্তিগুলি অসমান। পর্বগুলি অসমান এবং জোড় ও বিজোড় মাত্রা-সংখ্যার। অর্থাৎ ৪, ৫, ৬, ৭, ৮, ৯ এবং ১০ মাত্রার পর্ব এখানে দেখা যায়।

বাংলাছন্দ নিয়ে প্রবন্ধ লেখার মূল লক্ষ্য ছিল ছন্দ সম্পর্কে বিভিন্ন মতের সমন্বয়সাধন এবং যেখানে তা করা সম্ভব নয় সেখানে একাধিক মতকে এক জায়গায় তুলে ধরা যাতে তা পাঠক, বিশেষ করে ছাত্র-ছাত্রীরা অনায়াসে দেখতে পায়। ছন্দের বৈশিষ্ট্য আলোচনা প্রসঙ্গে বিভিন্ন ক্ষেত্রে আমরা সেগুলি দেখানোর চেষ্টা করেছি। উপসংহারে সেগুলোকে একজায়গায় স্পষ্ট করে দেখানো হল।

চরণ ও পংক্তি শব্দের ব্যবহার সম্পর্কে আমরা **'পংক্তি'** শব্দ ব্যবহারের পক্ষপাতী। Metrical Line বা verse কে বা পূর্ণযতি নির্দিষ্ট ধ্বনিগুচ্ছকে চরণ বা পংক্তি বলেছি। ছন্দনির্ণয়ের মূল বৈশিষ্ট্য লয় নয়, মাত্রা। প্রবোধচন্দ্র সেন কোনো একটি লয়কে কোনো একটি রীতির বৈশিষ্ট্য বলে মানতে নারাজ। আমরা লক্ষ্য করেছি প্রাচীন রীতিতে যাকে ত্রিপদী ও চৌপদী বলা হয় আধুনিক বিচারে তা দ্বিপদী। পয়ার সম্পর্কে দুটো মতই আমরা তুলে ধরেছি। কেউ কেউ কলা ও মাত্রাকে এক ও অভিন্ন বলেছেন। এ মত প্রণিধানযোগ্য। মিশ্রকলাবৃত্ত রীতিতে আট ও দশ মাত্রার যতি বিভাগকে প্রবোধচন্দ্র **'পদ'** বলেছেন — এ মত গ্রহণযোগ্য। প্রবন্ধের আয়তনের কথা মাথায় রেখে প্রতিটি বিষয়ের উদাহরণ দেওয়া থেকে বিরত থেকেছি। ছন্দের আরও অনেক বিষয় আলোচনার বাইরে থেকে গেল। প্রবন্ধান্তরে তা আলোচনার ইচ্ছে রইল।

ঋণস্বীকার :

১। বাংলা ছন্দের মূলসূত্র — অমূল্যধন মুখোপাধ্যায়।

২। নূতন ছন্দ পরিক্রমা — প্রবোধচন্দ্র সেন।

৩। বাঙলাছন্দ — ড. জীবেন্দ্র সিংহ রায়।

৪। ছন্দ পরিচয় — ড. রামবহাল তেওয়ারী।

৫। নব ছন্দশৈলী — ড. সুধাংশুশেখর শাসমল।

প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যে নারীচেতনা

ডঃ হেনা সিনহা
সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ

নারীবাদ এবং জেন্ডারতত্ত্ব দুটি ধারণারই জন্ম আধুনিককালে। নারীবাদী আন্দোলন থেকে পরবর্তীকালে জেন্ডার প্রত্যয়টির উদ্ভব ঘটে। নারীবাদ কী? মল্লিকা সেনগুপ্তের ভাষায় - "নারীবাদ মানে প্রশ্ন তোলা, অবিরাম প্রশ্ন। পক্ষপাতের বিরুদ্ধেই নারীবাদ প্রশ্ন তোলে। সেই প্রশ্ন শুধু যৌন-মূল্যবোধের ক্ষেত্রেই নয় সর্বক্ষেত্রে।"[১] নারীর সপক্ষে ও লিঙ্গাশ্রয়ী বঞ্চনার বিরুদ্ধে সোচ্চার হওয়াই নারীবাদের মূল কথা। নারীবাদ-সংক্রান্ত লেখালেখির শুরু প্রায় সাড়ে তিনশো বছরেরও আগে, ১৬৩০ খ্রিস্টাব্দে। ১৯১০ খ্রিস্টাব্দের ২৭ আগস্ট ক্লারা জেটকিনের নেতৃত্বে ডেনমার্কের কোপেনহেগেনে আন্তর্জাতিক সমাজতান্ত্রিক নারী আন্দোলন হয়। সমাজে প্রথম ব্যাপক পরিবর্তন ঘটল শিল্পবিপ্লবের পর। ক্রমে স্ত্রী-শিক্ষার প্রসারের দিকে দৃষ্টি দেওয়া হল। তখন আমেরিকায় প্রবলভাবে চলছে নারীদের অধিকার অর্জনের লড়াই। নারীরা রাজনীতি, সমাজনীতিতে অংশগ্রহণ করতে চাইছে, গৃহবন্দিত্বের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছে। তার প্রভাব পড়েছে সর্বত্র। নারীরা অর্থনৈতিক অধিকার, সম্পত্তি, শিক্ষা, বিবাহ-বিচ্ছেদের, সন্তানের অভিভাবকত্বের ও ভোটাধিকার দাবি করেছে। এইভাবে পিতৃতন্ত্রের বিরুদ্ধে ও লিঙ্গ-বৈষম্যের প্রতিবাদে নারীরা ঐক্যবদ্ধ আন্দোলনের মাধ্যমে নিজেদের যথাযথ মর্যাদা ও অধিকার প্রতিষ্ঠা করেছে।

নারীবাদ যেমন তত্ত্ব হিসেবে প্রতিষ্ঠা পেয়েছে, জেন্ডার তত্ত্বও তাই। জেন্ডার বলতে বোঝায় নারী-পুরুষের সামাজিক সম্পর্ককে। যেহেতু প্রকৃতিগত কারণে নারী-পুরুষের সম্পর্ক সমান নয়, তাই জেন্ডারের লক্ষ্য হল এই সম্পর্কের মাত্রাটি কেমন তা ধরিয়ে দেওয়া, বিশ্লেষণ করা। এই বিশ্লেষণের মধ্য দিয়ে দেখা যায় নারী ও পুরুষের সম্পর্ক বিরোধাত্মক হয়ে আছে, পরস্পর বিপরীত প্রান্তে তাদের অবস্থান। পুরুষ গণ্য হয় মূল বা কেন্দ্র হিসেবে, নারীর অবস্থান ধরা হয় প্রান্ত হিসেবে। নারীবাদ এই বিরোধের ছবিটাকে গুরুত্বপূর্ণ মনে করে; নারী পুরুষের দ্বান্দ্বিক সম্পর্ক বিশ্লেষণ করে তাতে নারীর অবস্থান কোথায় তা নির্দেশ করে দেখিয়ে দিতে চায়। পক্ষান্তরে জেন্ডার নারী-পুরুষের যে সামাজিক-সম্পর্ক প্রতিষ্ঠিত হয়ে গেছে সেই সম্পর্ককে বিশ্লেষণ করে নারী-পুরুষের সম্পর্ককে সহজ ও সমান পর্যায়ে তুলে আনতে চায়।[২]

আজ আমরা একুশ শতকের শূন্য দশক অতিক্রম করে প্রথম দশকের মধ্যভাগের উপনীত; যখন নারীবাদ ও জেন্ডার তত্ত্ব বিষয়ক আন্দোলন ও আলোচনা অনেক দূর অগ্রসর হয়েছে। এই সময়ে দাঁড়িয়ে প্রাচীন ও মধ্যযুগের সাহিত্যকে কোনো আধুনিক তত্ত্ব দিয়ে ব্যাখ্যা করা যাবে না, তা সমীচীনও নয়। সেই কষ্ট-কল্পনা না করে প্রাচীন ও মধ্যযুগের সাহিত্যে নারীর অবস্থান কেমন ছিল সেদিকটির প্রতি আলোকপাত করাই আমাদের উদ্দেশ্য।

বাংলা সাহিত্যের প্রাচীনযুগ থেকেই নারী-পুরুষের প্রসঙ্গ বিভিন্নভাবে ধরা পড়েছে। বাংলা সাহিত্যের আদি নিদর্শন চর্যাপদ যদিও ধর্মীয় সাধন সংগীত; তবুও এর পদগুলির মধ্যদিয়ে বিবৃত হয়েছে সমসাময়িক কালের বাস্তব সমাজ। এই সমাজের ছবি আঁকতে গিয়েই চর্যাপদকারগণ নারী-পুরুষের বিশেষকরে নারী-জীবনের কিছু প্রসঙ্গ তুলে এনেছেন। চর্যায় আমরা বিভিন্ন পেশায় নিযুক্ত নারীদের কথা পাই। ডোমনী নামক নিম্নশ্রেণির এই মেয়েদের

কেউ কেউ তাঁত বিক্রি করত, বিক্রির জন্য চাঙারি তৈরি করত, গণিকাবৃত্তিতেও নিযুক্ত হতো। শুন্ডিনীরা মদ চোলাই করত এবং তাদের দুয়ারে বিশেষ চিহ্ন দেখে লোক সেখানে যাওয়া-আসা করত। ডোমনীদের অবস্থান ছিল নগরের বাইরে। ব্রাহ্মণেরা অবশ্য তাদের সংস্পর্শে আসতেন।

"নগর বাহিরে ডোম্বি তোহোরি কুড়ি আ।
ছোট ছোট জাসি বাহ্মন নাড়ি আ।।
আলো ডোম্বি তো এ সম্ করিব মই সাঙ্গ।
নিঘিন কাহ্ন কাপালি জোইলাঙ্গ।।"

নারীর পরিসর এখানে সংকুচিত হয়ে গেছে। আর তাই ডোম্বির বাস ছিল নগরের বাইরে, মূল জনপদ থেকে দূরে। ব্রাহ্মণেরা অবশ্য যৌনলালসা তৃপ্ত করার জন্য তাদের সংস্পর্শে এসেছে। 'আলো ডোম্বি' এই সম্বোধনের মধ্যেও নিহিত আছে অবজ্ঞা। সমীহ সূচক কোনো সম্বোধন নয়, নারীর জন্য তুচ্ছ-তাচ্ছিল্য ভাষা অনায়াসে যেন ব্যবহার করা যায় এবং নির্দ্বিধায় বলা যায় 'সাঙ্গা' করার কথাও। নৃত্য-গীত-বাদ্য ও অভিনয়কলার সঙ্গেও নারীরা যুক্ত থাকত, সুকুমারকলার চর্চা নারীরাই করত, তবে এসব বৃত্তি নিন্দনীয় ছিল। এসব সত্ত্বেও অভাব ছিল তাদের নিত্যসঙ্গী। প্রতিবেশীহীন নিঃসঙ্গ জীবনের দুঃসহ যন্ত্রণা আর অভাবের কষ্ট সহ্য করেছে নারী —

"টালত মোর ঘর নাহি পড়বেসী।
হাড়িতে ভাত নাহি নীতি আবেশী।"

সিমোঁ দ্য বোভেয়ার যেমন বলেছেন পুরুষতন্ত্র নারীর-যৌনজীবনকে আত্মসাৎ করেছে। চর্যাপদেও নারীর যাপিত জীবনে তারই প্রতিফলন লক্ষণীয়।

চর্যাপদের পর প্রাগাধুনিক বাংলা সাহিত্যের উল্লেখযোগ্য নিদর্শন বড়ু চন্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন। এ কাব্যের আধ্যাত্মিকতার আবরণ সরিয়ে নিলে সেকালের বাংলা ও বাঙালির বিশেষত বাঙালি নারীর সামূহিক ছবিটি আমাদের চোখে প্রতীয়মান হয়। এখানে চর্যাপদের তুলনায় নারীর বন্ধন কিছুটা শিথিল। আলোচ্য কাব্যের প্রধান চরিত্র রাধা। এ রাধা শ্রমজীবী নারী; একান্তভাবে বাংলার জল-মাটি থেকে উঠে আসা সাধারণ বাঙালি নারী। রাধাকে যমুনা নদী পার হয়ে মথুরার হাটে গিয়ে দুই-দই বিক্রি করতে দেখি। এখানে রাধার উপস্থিতি কিছুটা ইতিবাচক; গৃহবধূ হয়েও সে গৃহের বাইরে পা রাখার সুযোগ পেয়েছে, তার বিচরণের পরিসর চর্যাপদের ডোম্বিনীদের মতো ততটা সংকুচিত নয়। দধি-দুধ বিক্রির অর্থ ব্যয় করার কোনো ক্ষমতা রাধার ছিল কিনা - তার কোনো উল্লেখ শ্রীকৃষ্ণকীর্তনে পাওয়া যায় না। এই অনুল্লেখ থেকে অনুমান করা যায় হয়তো পুরুষই ছিল অর্থনীতির নিয়ন্ত্রক।

রাধা গৃহের বাইরে আসার সুযোগ পেলেও তার রক্ষণাবেক্ষণের জন্য নিযুক্ত করা হয়েছে বড়ায়িকে। সুতরাং ঘরের বাইরে নারীর জীবন নিরাপদ ছিল না। এই নিরাপত্তাহীনতার ছবি ফুটেছে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের প্রথম দিকে; যখন শ্রীকৃষ্ণ প্রেমনিবেদনের নামে বিভিন্ন রকমভাবে রাধাকে উত্যক্ত করেছে। কখনো জলে ডুবিয়েছে, কখনো দানী সেজে তার সর্বস্ব নিতে চেয়েছে, কখনও বা মদনবাণ নিক্ষেপ করেছে। কাব্যটি ধর্মীয় সাহিত্য না হলে যৌনরাজনীতির উৎকট প্রকাশের জন্য যৌনপীড়নের দলিল হিসেবে নিঃসন্দেহে পরবর্তীকালে নিন্দিত হতো। ধর্মীয় বাতাবরণের মধ্য দিয়ে চিত্রিত জীবনের ছবিটিই গুরুত্বপূর্ণ। নারীর উপর পুরুষের প্রবল আধিপত্য বিস্তারের এক উল্লেখযোগ্য নিদর্শন এই শ্রীকৃষ্ণকীর্তন কাব্য।

একালের নারীর মতো সেকালের নারীওদেবতাপ্রতিম পুরুষ দ্বারা ধর্ষিতা হতো - দুর্বলনারী প্রবলের শিকার হতো। দানখন্ড-এর শেষাংশে রাধার সঙ্গে কৃষ্ণের যে দেহমিলন ঘটেছে, তা কৃষ্ণের দিক থেকে বলাৎকার ছাড়া আর কি বলা যায়? হৃদয়ের সম্মতিহীন দেহমিলন রাধার মনে বিপন্নতা ও ঘৃণা জাগিয়েছে। অবশ্য কাব্যশেষে রাধার মানসিক রূপান্তর ঘটেছে। সে কৃষ্ণের প্রেমে সাড়া দিয়েছে। পুরুষতন্ত্রের নির্মম চেহারাটা আবারও উন্মোচিত হয়। রাধা যখন কৃষ্ণে পূর্ণ-সমর্পিত তখনই কৃষ্ণের মধ্যে ধর্মীয় কর্তব্যবোধ জেগে উঠেছে। কৃষ্ণ বৃন্দাবনে রাধাকে ফেলে রেখে কংসবধের জন্য মথুরায় চলে যায়। এখানেই আমরা পুরুষতন্ত্রের প্রকট রূপ লক্ষ করি। প্রজারক্ষা কৃষ্ণের কাছে বড়ো কাজ, নারী হয়ে গেল গৌণ, অপাংক্তেয়, যেন সে প্রজা নয়, তকে বঞ্চিত করা যায়, অবহেলা করা যায়। রাধার চোখের জলে কৃষ্ণের ফিরে আসার আশায় অপেক্ষা করা ছাড়া আর কিছুই করার থাকে না। আবারও এই অপেক্ষারও কোনো ইতিবাচক সমাপ্তি শ্রীকৃষ্ণকীর্তনে ঘটেনি। অর্থাৎ চূড়ান্তভাবে রাধাকে অবহেলা করেছে কৃষ্ণ। শারীরিক ও মানসিক উভয়প্রকার নির্যাতনের জন্য কৃষ্ণ দায়ী। আধুনিক কালের নারীবাদীরা নারী নিপীড়নের এই দুটি দিকের উপরই গুরুত্ব আরোপ করেছেন।

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে আরো একটি বিষয় লক্ষ করার মতো। এখানে রাধা শুধুমাত্র কৃষ্ণের নির্যাতনের শিকার হয়নি, তার স্বামী, এমনকি ননদিনীর কাছেও হয়েছে নিগৃহীত। ভ্রাতৃবধূর প্রতি ননদিনীর নিগ্রহ নারীবাদের সেই দিকটিকেই প্রকটিত করে যে পুরুষতন্ত্রকে অবচেতন বা সচেতনভাবে আত্মস্থ করে পুরুষের সঙ্গে নারীরাও পুরুষতন্ত্রকে টিকিয়ে রাখে। পুরুষের সঙ্গে সঙ্গে নারীও নারীর প্রতি নির্যাতন করে। রাধার বেলাতেও ঠিক এমনটাই ঘটেছে। শ্রীকৃষ্ণকীর্তন কাব্য-পর্যালোচনায় এটুকু বলা যায় যে সেকালের নারী আপন সত্তা কিংবা অস্তিত্বের মৃত্তিকা তখনো খুঁজে পায়নি। পুরুষের মনোরঞ্জনের উপায় হিসেবেই তারা চিত্রিত; নিজস্ব পরিচয় ও অস্তিত্ব প্রকাশে সমর্থ হয়নি।

বৈষ্ণব পদাবলি মধ্য-যুগের বাংলা সাহিত্যের এক উজ্জ্বল সম্পদ। এটি মূলত রাধা-কৃষ্ণের প্রেমলীলা বিষয়ক কাব্য। নারীচরিত্র বলতে একমাত্র রাধাই উল্লেখযোগ্য। যশোদা, বৃন্দা, চন্দ্রাবলী, শচীমাতা ও বিষ্ণুপ্রিয়া - এই পাঁচ নারীর কথা পাওয়া গেলেও এদের কেউই সমগ্রতা নিয়ে চিত্রিত হয়নি। পদাবলির নারীদের চিত্তলোকে একদিকে আছে অধ্যাত্মচেতনার রং, অন্যদিকে মাটির ঘরের লৌকিক রূপ। বস্তুত, রাধার অবয়বেই ভেসে ওঠে সেকালের বাঙালি নারীর সামূহিক রূপ। রাধার মধ্যদিয়ে ভেসে ওঠে চিরায়ত বঞ্চনার প্রতিভাস, নারীর দুঃখের ইতিহাস। ধর্মীয় প্রেরণায় সৃষ্টি হলেও, রাধা পুরুষতান্ত্রিকতার অসহায় শিকার। বস্তুত, রাধা বাঙালি নারীর চিরায়ত বঞ্চনা ও বিরহের সংহত রূপ।

প্রাগাধুনিক যুগের আর একটি বড়ো শাখা হল মঙ্গলকাব্য। মঙ্গলকাব্যও ধর্মীয় কাব্য। তবুও জীবনবাদী মঙ্গলকাব্য রচয়িতাদের কলমে ধর্মীয় সাহিত্যেও মানবজীবনের প্রতিফলন লক্ষণীয়। কবিদের সৃষ্টিতে নারীচরিত্রগুলিও হয়ে উঠেছে জীবনবাদী। ফুল্লরা, লহনা, খুল্লনা, মনসা, সনকা, বেহুলা, মেনকা প্রভৃতি চরিত্রের মধ্যে মানবজীবনের প্রতিফলন দেখি। সামগ্রিকভাবে এরা সবাই পুরুষের নির্যাতনের শিকার যেমন হয়েছে, প্রতিবাদী ভূমিকা গ্রহণেও পিছুপা হয়নি।

নারীবাদের দৃষ্টিকোণ থেকে মনসার চরিত্রটি অভিনব। পিতৃস্নেহ বঞ্চিত মনসা সৎমা (দুর্গা) আর স্বামীর দ্বারা নিগৃহীত হয়েছে। আক্রান্ত হয়েছে পিতার শিষ্যের দ্বারাও। জীবনের এই প্রেক্ষাপটেই মনসা অবিচার ও অত্যাচারের বিরুদ্ধে ঘোষণা করেছে বিদ্রোহ। সমাজে প্রতিষ্ঠা পাবার জন্য নানারকম কৌশল অবলম্বন করে বুদ্ধিমত্তার প্রকাশ

ঘটিয়েছে। আর এর মধ্যেই নিহিত রয়েছে পুরুষতন্ত্রের আধিপত্যের স্বরূপ। মনসার নিগ্রহ থেকে বোঝা যায়, পুরুষতন্ত্র নারীকে যোগ্য মর্যাদা দেয়নি। রক্তমাংসের নারী যেমন নির্যাতন ও নিপীড়নের মধ্যে প্রতিবাদী হয়ে ওঠে, মনসাও সেইভাবে প্রতিবাদী হয়ে উঠেছে। তবে তার প্রতিবাদ প্রতিরোধের নয়, প্রতিআক্রমণের। আর এ কারণেই নারীবাদী দৃষ্টিকোণ থেকে মনসা বাংলা সাহিত্যের এক উল্লেখযোগ্য চরিত্র। কবি ক্ষেমানন্দের কাব্যে ছদ্মবেশিনী মনসার স্বীকারোক্তির মধ্য দিয়ে নারীর পরাধীনতার কথা সুস্পষ্ট রূপে ব্যক্ত হয়েছে — "আমি একাকিনী তাহে নারী পরাধীন।" দেবী হলেও মনসা নারী, তাই তিনি অধিকারহীনা। পুরুষের একচ্ছত্র আধিপত্যের শৃঙ্খল ভেঙে ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় শক্তি প্রয়োগ ছাড়া আর উপায় ছিল না। তবে শেষ পর্যন্ত মনসা তার আত্মপ্রতিষ্ঠার সংগ্রামে সাফল্য অর্জন করেছেন। আসলে মনসা তৎকালীন অবরুদ্ধ, অবমূল্যায়িত ও অধিকারবঞ্চিত নারীর প্রতিনিধিত্বকারী প্রতীকী চরিত্র।

মনসামঙ্গলের সামন্ত্রতান্ত্রিক সমাজব্যবস্থায় পুরুষ ছিল সর্বময় ক্ষমতার অধিকারী, সমাজ ও ধর্মের নিয়ন্তা। তাই তারা স্ত্রীর অনুমতি ছাড়াই একাধিক বিয়ে করা কিংবা শুধু ইন্দ্রিয় পরিতৃপ্তির জন্য পরনারীর প্রতি আসক্তিকে সমাজ ও ধর্মীয় রীতিসিদ্ধ করে নিয়েছিল। অন্যদিকে পুরুষের অনুমতি বা সহায়তা ছাড়া এককভাবে কোনো ধর্মীয় বা সামাজিক কার্যসম্পাদনও কোনো নারীর পক্ষে অসম্ভব ব্যাপার ছিল। অর্থাৎ সে সমাজে পুরুষ ছিল সর্ববন্ধনমুক্ত আর নারী পুরুষ প্রবর্তিত রীতি-নীতির শৃঙ্খলে সম্পূর্ণরূপে শৃঙ্খলিত। পুরুষ তাঁর স্ত্রীকে বাদ দিয়ে একাধিক পরনারীর সঙ্গে অবৈধ প্রণয়ে মত্ত হতে পেরেছে। অথচ একজন নারীর সামাজিক মর্যাদা নিরূপণের মাপকাঠি ছিল সতীত্ব। মনসামঙ্গল কাব্যের সমাজসচেতন করিয়া তাঁদের রচনাকর্মে সেকালের সমাজ-জীবনে নারী ও পুরুষের সামাজিক অবস্থান, তাঁর চারিত্রিক বৈশিষ্ট্য, মানসপ্রবণতা ও দৃষ্টিভঙ্গি সুনিপুণ দক্ষতার সঙ্গে উপস্থাপন করেছেন।

একথা শুধু মনসামঙ্গল নয় অন্যান্য মঙ্গলকাব্য সম্পর্কেও প্রযোজ্য। 'চন্ডীমঙ্গল' কাব্যেও দেখি পুরুষ অনেক বেশি প্রতিষ্ঠিত আর নারী পুরুষের উপর নির্ভরশীল। এ কাব্যে ব্যাধখন্ড ও বণিকখণ্ড মিলে যে সামগ্রিক কাহিনি গড়ে উঠেছে তাতে তৎকালীন সমাজ-ব্যবস্থাই চিত্রিত হয়েছে। সর্বত্রই নারীর তুলনায় পুরুষের শ্রেষ্ঠত্ব প্রকাশিত।

চন্ডীমঙ্গল কাব্যের উজ্জ্বল চরিত্র ফুল্লরা। সংসারের যাবতীয় কাজ, হাটে হাটে বা ঘরে-ঘরে মাংস বিক্রি, ভোজনরসিক স্বামীর নানাবিধ ব্যঞ্জন প্রস্তুত সমস্তই কাঁধে তুলে নেয়। কিন্তু নারীর এই গৃহকর্মের স্বীকৃতি যেমন একালে মেলে না; তেমনি সেকালেও ছিল না। পক্ষান্তরে দেখা যায় কালকেতু কেবল শিকার করেই তার দায়িত্ব শেষ করেছে। সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থায় পুরুষের আধিপত্য আর নারীর অবমূল্যায়ণের বিষয়টি এখানেও স্পষ্ট। ধনীপুরুষ অর্থবৃত্তের লোভ দেখিয়ে যা খুশি করতে পারতো, বিশেষ করে নারীর প্রতি অবিচার করাও বৈধ বলে গণ্য হতো। ধনপতি এক স্ত্রী থাকা সত্ত্বেও খুল্লনাকে বিয়ে করার জন্য ছলনার আশ্রয় নেয়। দুর্বলমতি লহনাকে উপঢৌকন দিয়ে কার্যসিদ্ধি করে। ভাঁড়ুদত্তের ঘরেও দুই-স্ত্রী ছিল। সপত্নী কলহের চিত্রও এখানে উপস্থিত। এ কাব্যে খুল্লনা এক নির্যাতিতা নারী। সতীন, স্বামী কোন দিক থেকে না যন্ত্রণা পেয়েছে। এমন কি ঈশ্বর সাধনার অধিকারটুকুও তার ছিল না। পুরুষের নারীবিদ্বেষ এত প্রবল ছিল যে ধনপতি খুল্লনার স্ত্রী-দেবতা চণ্ডীর পূজার বিরোধীতা করেছে। চণ্ডীর ঘটে লাথি মেরে তার পূজার্চনা নষ্ট করে দিতে চেয়েছে। পুরুষের সঙ্গে সঙ্গে পিতৃতন্ত্রের পোষকতা করেছে নারীরাই। তাই ননদিনী বা শাশুড়িরা অত্যাচারী হয়ে ওঠে। ফুল্লরার অশ্রুসিক্ত নয়ন দেখে কালকেতু প্রশ্ন করেছিল —

"শাশুড়ি ননদী নাহি নাহি তোর সতা।

কার সঙ্গে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রতা।।"

অর্থাৎ অত্যাচার শুধু সতীনের ছিল না। শাশুড়ি-ননদেরও ছিল।

আবার দাম্পত্য সম্পর্কে নারীর অসন্তোষ নারীর অ-সুখী গার্হস্থ্য-জীবনকেই তুলে ধরে। এসূত্রেই উল্লেখ করা যেতে পারে মঙ্গলকাব্যের বিভিন্নশাখায় সতীগণের পতিনিন্দার কথা। স্বামীর অনাদর ও উপেক্ষার কারণেই তাদের পতিনিন্দা। চণ্ডীমঙ্গলে লহনা বলছে —

"জীয়ন্ত স্বামীতে যার কিছু নাহি সুখ।
সে জন মরিলে তার কিবা হয় দুখ।।"

আবার মানিক রায়ের ধর্মমঙ্গলে নয়নীর মানসিকতার অভিব্যক্তি — 'রাঁড় হয়ে নয়নীর আনন্দ বাড়িল।' স্বামীর মৃত্যু তাকে যেন বন্ধন থেকে মুক্ত করল আর এই মুক্তিতেই তার আনন্দ। নারীদের উপরোক্ত অভিব্যক্তি প্রমাণ করে সে সময়ের নারীরা পুরষের কাছে যথেষ্ট সম্মানের সঙ্গে গৃহীত হয়নি বলেই তারা পুরুষের বন্ধন থেকে মুক্ত হতে চেয়েছে।

মঙ্গলকাব্যের আর একটি উল্লেখযোগ্য শাখা হল অন্নদামঙ্গল। এই কাব্যের বিদ্যা-সুন্দরের কাহিনীর মধ্যেও যেন পুরুষেরই জয় ঘোষিত হয়েছে। নারী সে বিদ্যা বুদ্ধিতে বা যে কোনো দিক দিয়ে প্রতিভাবতী হলে পুরুষ রচয়িতা তার কলম দিয়ে তার থেকে উন্নত পুরুষ চরিত্র অঙ্কন করেন, সেখানে নীরা অজেয় থাকতে পারেন না। বিদ্যা-সুন্দরের কাহিনীতে ভারতচন্দ্র যেন সে রকমটাই করেছেন। পুরুষ সেখানে নারীর শ্রেষ্ঠত্ব স্বীকার করতে পারেনি। সুন্দর বিদ্যাকে শ্রেষ্ঠত্বের দিক থেকে হারিয়ে দিয়ে তাকে স্ত্রী হিসেবে গ্রহণ করেছে।

এই কাব্যে আমরা হীরামালিনীকে দেখি সে মালা বিক্রেতা। অর্থাৎ নারীর অবরোধ-এর বাইরে গিয়ে জীবিকা নির্বাহের পথ উন্মুক্ত ছিল — এই শ্রমজীবি নারীদের জন্য। অন্যদিকে শ্রীনিবাস আচার্যের ত্রিপদী পদে রাধা মনে হয় অবরোধের কথাই বলেছেন —

"অনুক্ষণ কোণে থাকি বসনে আপনা ঢাকি
দুয়ার বাহিরে পরবাস।"

অবশ্য মেয়েরা যেখানে জীবিকা নির্বাহের জন্য কাজ করে সেখানে তো ঘরের বাইরে যেতেই হবে, তাই অবরোধের কথা চলে না। মধ্যযুগেও শ্রমজীবী নারীদের ক্ষেত্রে পুরুষতন্ত্রের নিয়ন্ত্রণ মুক্তি লক্ষ্যণীয়।

ময়মনসিংহ গীতিকা মধ্যযুগের বাংলা সাহিত্যের উল্লেখযোগ্য নিদর্শন। এখানে প্রাগাধুনিক সাহিত্যের দেববাদের বিপ্রতীপে মানুষের জয়গান ধ্বনিত হয়েছে। এই গীতিকার বিভিন্ন কাহিনীর নারী চরিত্রগুলি যেমন — লীলা, কাজলরেখা, চন্দ্রাবতী, কমলা, মদিনা নানা কারণে গুরুত্বপূর্ণ। ময়মনসিংহ গীতিকার পালাগুলির অধিকাংশই প্রণয়োপখ্যান। এই রোমান্টিক কাহিনীর মধ্যে নারীর যে সংগ্রামী অথচ ব্যর্থ রূপ ফুটে উঠেছে তা বিষাদাত্মক। পুরুষতন্ত্রের কারণে নারী অবদমিত থাকার জন্যই নারী চরিত্রগুলি ত্যাগ ও মহিমার পথে অগ্রসর হয়ে আত্মপ্রতিষ্ঠার সংগ্রাম করেছে। 'মহুয়া' পালায় দেখি প্রেমের জন্য 'মহুয়া যে একনিষ্ঠতার পরিচয় দিয়েছে তা সেকালের সমাজের ছিল অকল্পনীয়। নদের চাঁদের জন্য এমন কোনো ত্যাগ বা কাজ নেই যে মহুয়া করেনি। পুরুষতন্ত্রের সার্বিক পরিবেশের মধ্যেও মহুয়া অনন্য একটি চরিত্র হয়ে উঠেছে। মহুয়াই সম্ভবত বাংলা সাহিত্যের প্রথম নারী যে নিজের ইচ্ছানুসারে প্রেমিক নির্বাচন করেছে, প্রেমিককে স্বামী হিসেবে পেতে চেয়েছে, আর এজন্য আত্মবিসর্জনেও পিছপা হয়নি। পুরুষতান্ত্রিক

সমাজব্যবস্থার বিধিবিধানকে শিরোধার্য বলে মেনে নেয়নি। এ কারণেই দেবেন্দ্রকুমার ঘোষ বলেন, "ময়মনসিংহ গীতিকার নারী চরিত্রগুলি একনিষ্ঠ প্রেম ও ত্যাগের মহিমায় প্রদীপ্ত হইয়া উঠিয়াছে। সরলা পল্লী বালার স্বাভাবিক প্রণয় শুধুমাত্র ইন্দ্রিয়বিলাসের মোহ নয়, ইহা প্রিয়তমের প্রেম পূজায় আত্মবিসর্জন।"[৩] মহুয়া ছাড়াও এ ধরনের প্রেমের কারণে আত্মবিসর্জিত হৃদয়গ্রাহী বিষাদাত্মক চরিত্রের প্রতিবিম্বগুলি হলো — মলুয়া, চন্দ্রাবতী, কমলা, লীলা, সোনাই, রূপবতী, সখিনা, দেওয়ানা মদিনা প্রভৃতি।

মধ্যযুগের সমগ্র কাব্যধারার মধ্যে ময়মনসিংহ গীতিকায় বিকশিত প্রেমের ধারাটি স্বাধীন, মুক্ত ও স্বতন্ত্র। সেখানে সমাজ, বিধিনিষেধ উপেক্ষা করে প্রেম তার নিজস্ব গতিতে অগ্রসর হয়েছে। এই অপ্রতিরোধ্য মানবিক মুক্ত প্রেমের কারণেই গাথা-গীতিকায় নারী চরিত্রের অপরিসীম প্রাধান্য লক্ষণীয়। ক্ষেত্রগুপ্তের মন্তব্যে সে কথাই উচ্চারিত হয়েছে — "হৃদয়ের অপ্রতিরোধ্য গতিতে কিংবা সচেতন ক্রিয়ায় অনুভূতির সুগভীর তীব্রতায় নারীরাই 'মৈমনসিং গীতিকার' নিয়ন্ত্রণ শক্তি। আর এর চরম গৌরব আত্মত্যাগে।"[৪] বলা বাহুল্য, মৈমনসিং গীতিকায় বিকশিত নারী চরিত্রের স্বরূপ উদ্‌ঘাটনে তৎকালীন সমাজের সামগ্রিক প্রতিবেশের প্রভাবকে স্বীকার করতেই হয়। তৎকালীন নারীর জীবনে যে কষ্ট বা দুর্ভোগ ঘটেছে, তার সবটাই ঘটেছে পুরুষতান্ত্রিক সমাজে নারীকে অবদমিত, বঞ্চিত, অবমানিত করার জন্য এবং অত্যধিক মাত্রায় পুরুষ প্রাধান্যের কারণে।

মধ্যযুগে কালে রচিত চন্দ্রাবতীর রামায়ণ পালায় নারীর ভিন্ন স্বর শুনতে পাই। চন্দ্রাবতীর রামায়ণ বাল্মীকির মূল রামায়ণ বা কৃত্তিবাসের অনুসৃত রামায়ণের অনুকরণে লেখা নয়। নারী মহাকবির কলমে এ এক নবনির্মাণ। এখানে কাহিনী বিন্যাস ও চরিত্রায়নে নারীর প্রাধান্য সুস্পষ্টভাবে লক্ষণীয়। চন্দ্রাবতীর রামায়ণে রামকে প্রান্তিক করে সীতাকে কেন্দ্রে স্থাপন করা হয়েছে। সীতা ছাড়া রামের উপস্থিতি এখানে অনুল্লেখ্য। এর কাহিনীও বর্ণিত হয়েছে সীতার আত্মকথনের আঙ্গিকে। চন্দ্রাবতীর রামায়ণ হল সতীত্বের গল্প। পুরুষতান্ত্রিক সমাজের অন্তঃপুরে নারী যে যন্ত্রণা ভোগ করতো, সেই নিঃসঙ্গতা, একাকীত্বের ছবি সীতার চরিত্রে স্পষ্ট। চন্দ্রাবতীর রামায়ণের কাহিনীর সমাপ্তিও ঘটেছে সীতার আত্মহননের মধ্য দিয়ে। যুগে যুগে নারীর জীবন এভাবেই পরিসমাপ্ত হয়েছে। প্রথাবিরুদ্ধ এই রামায়ণগান পুরুষশাসিত সমাজে গ্রহণযোগ্যতা তো পায়ইনি বরং নিন্দিত হয়েছে। তবে পুরুষতান্ত্রিক সমাজে সাহিত্য-শিল্প-সংস্কৃতি সমস্ত কিছু পুরষের দ্বারা নির্ধারিত হলেও পূর্ববঙ্গের গ্রামাঞ্চলের মেয়েরা তাদের নিজস্ব উৎসব অনুষ্ঠানে চন্দ্রাবতীর রামায়ণকেই বেছে নিয়েছেন, পৌরাণিক পুরুষ সাহিত্যিকের রামায়ণকে বয়কট করে। এখানেই নারীবাদী কবির ভিন্ন চিন্তনের সার্থকতা।

এতক্ষণ আমরা প্রাগাধুনিক বাংলাসাহিত্যে নারীচেতনার বিভিন্ন মাত্রা প্রতিফলনের সন্ধান করেছি। তবে এখানে আরো একটি বিষয়ের প্রতি আলোকপাত করা প্রয়োজন। সেটি হল পুরুষতন্ত্র নারীর তুলনায় সব বিষয়ে অগ্রাধিকার দিয়েছে পুরুষকে বা পুরুষকে কেন্দ্রে স্থাপন করে নারীকে প্রান্তিক অবস্থানে রেখেছে — প্রাগধুনিক বাংলা সাহিত্যে সবক্ষেত্রে এর পোষকতা পাই না; কোনো কোনো ক্ষেত্রে নারীর গুরুত্বকেও স্বীকার করে নেওয়া হয়েছে। কয়েকটির দৃষ্টান্তের সাহায্যে আমাদের বক্তব্যকে স্পষ্ট করতে পারি। সাধারণত কন্যার জন্মলাভে পিতামাতা হতাশ হন, অসন্তুষ্ট হন। কিন্তু বিপ্রদাস পিপিলাই-এর মনসাবিজয়, মুকুন্দরাম চক্রবর্তীর চণ্ডীমঙ্গল, দ্বিজ মাধবের মঙ্গলচণ্ডীর গীত, আলাওলের পদ্মাবতী, মানিকরাম গাঙ্গুলির ধর্মমঙ্গল কাব্যে কন্যার জন্মে নিরানন্দের পরিবর্তে আনন্দের প্রকাশ দেখা যায়।

বিপ্রদাসের কাব্যে পাই — সুমিত্রাও সাহে সদাবার — "কন্যালাগি পূজে হরগৌরী।" আবার বেহুলার জন্মসময়ে পিতামাতার "দেখিয়া সানন্দ বাড়ে মনে", এমনকি ধাত্রী পর্যন্ত "হরষিত হৈয়া / কন্যারে কোলেতে লইয়া / নাড়িচ্ছেদ কৈল ততক্ষণে।" মানিকরামের ধর্মমঙ্গলেও দেখি রঞ্জাবতির জন্মে বেনু রায় ও বিমলার "কন্যা দেখে দোঁহাকার বাড়িল কৌতুক।" আর আলাওলের পদ্মাবতী রাজকন্যা — তার জন্মোপলক্ষে সাতদিন ধরে আনন্দোৎসব অনুষ্ঠিত হয়েছিল। শুধু তাই নয়, শিক্ষার ক্ষেত্রেও কন্যার গুরুত্বের কথাও প্রাগাধুনিক সাহিত্যে উল্লিখিত হয়েছে। পাঁচ বছর বয়সে আলাওলের কাব্যের পদ্মাবতী ছাত্রশালায় গুরুর কাছে পড়তে যায় এবং সাত বছর শিক্ষালাভ করে পাণ্ডিত্য অর্জন করে। ছেলেরাও ওই একই বয়সেই পড়তে শুরু করত এবং ছেলেমেয়ে একত্রেই পাঠশালায় শিক্ষাগ্রহণ করত। চণ্ডীমঙ্গলের লহনা, খুল্লনা ও লীলাবতীর চিঠি লেখা ও পড়ার মত বিদ্যা ছিল। সবচেয়ে বিদুষী ছিলেন বোধহয় ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্যের বিদ্যা, কবির ভাষায় তিনি রূপে লক্ষ্মী গুণে সরস্বতী। বিদ্যা শিক্ষা গ্রহণ করেছিলেন ব্যাকরণ, অভিধান, সাহিত্য, নাটক, অলঙ্কার, ষড়দর্শন, পুরাণ, সংহিতা, স্মৃতি এবং আরো অনেক কিছু। সুতরাং প্রাগাধুনিক সাহিত্যে স্ত্রীশিক্ষার প্রচলন ছিল। তবে বিদ্যাশিক্ষা যে সীমাবদ্ধ ছিল তাও বোঝা যায়। ব্যাধের সন্তান কালকেতুর বিদ্যাশিক্ষার কোনো উল্লেখ কবিরা করেননি। তবে পৈতৃক বৃত্তি সে ঠিকই আয়ত্ত করেছিল। ব্যাধের কন্যা ফুল্লরারও লেখাপড়ার প্রশ্ন ওঠেনি।

সংক্ষেপে প্রাচীন ও মধ্যযুগের বাংলাসাহিত্যে প্রতিফলিত নারীচেতনার বিভিন্ন প্রসঙ্গ আলোচিত হল। সামগ্রিকভাবে এই সময়ের সাহিত্য থেকে লেখকদের অভিব্যক্তির সূত্রে তৎকালীন সমাজের নারী-পুরুষের অবস্থানের একটি সম্যক চিত্র পরিস্ফুট হয়; যাকে এ কালের নারীবাদ ও জেন্ডারতত্ত্বের সূতিকাগার বলা যেতে পারে।

তথ্যসূত্র ও সহায়ক গ্রন্থ :

১। মল্লিকা সেনগুপ্ত, স্ত্রীলিঙ্গ নির্মাণ, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ১৯৯, পৃ - ১৫।

২। সৈয়দা নাজনীন আখতার, সাহিত্যে নারীর জীবন ও পরিসর, সম্পাদনা সেলিনা হোসেন, বিশ্বজিৎ ঘোষ, মাসুদজ্জামান, বাংলা একাডেমী, ঢাকা, পৃ - ২৭৩।

৩। শ্রী দেবেন্দ্র কুমার ঘোষ, প্রাচীন বাঙ্গালা সাহিত্যের প্রাঞ্জল ইতিহাস, পুস্তক বিপণি, কলকাতা, ১৯৫৯, পৃ - ৩১৪।

৪। ক্ষেত্রগুপ্ত, প্রাচীনকাব্য : সৌন্দর্য জিজ্ঞাসা ও নবমূল্যায়ন, কলিকাতা, পৃ - ১৫৪।

সতীদাহ ঃ প্রথা ও সমাজ

সুশেন্দু বিশ্বাস
সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ

'নারী' শব্দটি কি গভীর তাৎপর্যময়, এই শব্দটি শ্রবণমাত্রই প্রথমেই যার কথা মনে পড়ে তিনি হলেন প্রত্যেক মানুষের পরম প্রিয় মাতৃদেবী। অথচ এই শ্রেণীকে সভ্যতার কি নিষ্ঠুর নিয়মের যাতাকলে পেষাই করা হয়েছে প্রাগার্য যুগ থেকে আধুনিক কাল পর্যন্ত। সেই নিষ্ঠুর, অবৈজ্ঞানিক, পক্ষপাতদুষ্ট প্রথা বা নিয়মটি হল 'সহমরণ' বা 'সতী' প্রথা। 'সতী' প্রথার ইতিহাস সন্ধান করতে গিয়ে বুঝা যায় এই প্রথার শিকড় বহু দূরে বিস্তৃত এবং এই সতীপ্রথা ধীরে ধীরে ভারতীয় সমাজ সভ্যতার সঙ্গে কী নিষ্ঠুরভাবে সম্পৃক্ত হয়ে নারী ধ্বংসের রীতিতে পরিণত হয়েছে।

সুপ্রাচীন কাল থেকে সহমরণ প্রথা মিশর থেকে ভারত পর্যন্ত অনেক দেশে প্রচলিত ছিল। যদিও সেই 'সহমরণ' 'সতীদাহ' বলতে আমরা যা বুঝি, ঠিক তা নয়। এই 'সহমরণ' অনুসারে রাজা, মহারাজা এবং অন্যান্য বিশিষ্ট লোকের মৃত্যু হলে জন্মান্তরে বিশ্বাসী পরিজনদের ভাবনা হত যে এরা পরলোকে গিয়ে প্রিয় মন্ত্রী, সহচর, পরিচালক প্রভৃতির অভাবে কষ্টবোধ করবেন, তাই ঘনিষ্ট ব্যক্তিরা স্বেচ্ছায় সহমরণ বরণ করে নিত। অবশ্য এই ঘনিষ্ট ব্যক্তিদের মধ্যে স্ত্রী ছিল অন্যতম্য কিন্তু এই মৃত্যুর সঙ্গে ধর্মবিশ্বাসের কোন যোগ নেই। (১) এটা সত্য যে এই রীতির সঙ্গে ধর্মবিশ্বাসের কোন যোগ নেই কিন্তু এই রীতি বদলে কীভাবে 'সতীদাহ' প্রথায় বিবর্তিত হল সেই ইতিহাস জানা যায় না। তবে সতীত্ব রক্ষার সঙ্গে এই প্রথার যোগ ছিল বলে মনে হয়।

বৈদিক যুগ থেকেই নারী শ্রেণীকে সহমরণের পথে নিয়ে যেতে বিভিন্ন উপায়ে প্রচেষ্টা করবার অনেক নিদর্শন রয়েছে। বৈদিক যুগে স্বামীর মৃত্যুর পর বিধবা স্ত্রীরা প্রতীকী আত্মোৎসর্গের অনুষ্ঠান করত। এই অনুষ্ঠান কেবল অভিজাতদের মধ্যেই সীমাবদ্ধ ছিল কিনা, তা জানা যায় না। পরের যুগে অর্থাৎ পরবর্তী বৈদিক যুগে স্বামীর চিতায় বিধবাদের আত্মোৎসর্গের প্রথা এসেছিল সম্ভবত এই অনুষ্ঠানের সূত্র ধরেই। বৈদিক যুগে সতীপ্রথা যে নিতান্তই প্রতীকী ছিল তার প্রমাণ হল বৈদিক সাহিত্যে বিধবাদের পুনর্বিবাহের উল্লেখ। (২) এই প্রতীকী 'সহমরণ' প্রথাই ক্রমেই কালের অমোঘ গতিতে ক্রমশ নিষ্ঠুর 'সহমরণ' প্রথায় পরিণত হয়েছে, তার নিদর্শন ভারতীয় ইতিহাসে সুস্পষ্ট।

অথর্ব বেদে আমরা দেখি মৃতের বধূ হবার জন্য জীবিত নারীকে নীত হতে দেখা যায়। তাহলে প্রশ্ন জাগে যে এই প্রথা কত প্রাচীন? এটি কি প্রাগার্য যুগের? গ্রীক, রোমান, জার্মান অথবা প্রাচীন কেল্টিক সাহিত্যে অর্থাৎ অন্যান্য সমগোত্রীয় ইন্দো-ইউরোপীয় সাহিত্যে স্বামীর সঙ্গে স্ত্রীকে দাহ করার কোন সাক্ষ্য পাওয়া যায় না। যেখানে অথবা যখনই এর সূচনা হোক, প্রমাণ রয়েছে যে আর্য ও প্রাগার্যদের মিশ্র জনগোষ্ঠী অন্তত আংশিকভাবে, সাময়িকভাবে হলেও অথবা আঞ্চলিকভাবে এই প্রথাকে গ্রহণ করেছিল যদিও কখনই প্রথাটি বহুল প্রচলিত হতে পারেনি। (৩) নারীকে পরবর্তী বৈদিক যুগ থেকে অত্যন্ত অবজ্ঞার চোখে দেখা করা হতে থাকে। রোমে যেমন নারী ও দাসের সঙ্গে সমান ব্যবহার করা হোত সেরকম ভারতেও বর্ণবিভাজিত পিতৃতান্ত্রিক সমাজে নারী ও শুদ্র

ছিল একই শ্রেণীভুক্ত। মূল সংস্কৃত শাস্ত্রের অনেক অনুচ্ছেদে নারী ও শুদ্রের সঙ্গে সমান ব্যবহারের কথা বলা হয়েছে। বৈদিকোত্তর যুগে উভয়ের বেদপাঠ ও বৈদিক অনুষ্ঠানে অংশগ্রহণের অধিকার ছিল না। নারী ও শুদ্রকে সমদৃষ্টিতে দেখার প্রথম উল্লেখ খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকের গ্রন্থ 'শতপথ ব্রাহ্মণ' এ পাওয়া যায়। কিন্তু প্রাকগুপ্ত ও গুপ্তোত্তর যুগের বেশিরভাগ গ্রন্থে নারীকে সেবকশ্রেণী শুদ্রের সঙ্গে সমপর্যায়ভুক্ত ও পরাধীন করে রাখার প্রমাণ পাওয়া যায়। এইভাবে প্রাকসামন্ততান্ত্রিক ও সামন্ততান্ত্রিক উভয় পর্বেই সাধারণভাবে নারীর পরাধীনতা বিশেষ করে উচ্চতর বর্ণের মধ্যে একটি বাস্তব সত্য ও মতাদর্শ হিসাবে প্রতিষ্ঠা পেয়েছিল। (৪) নারী শ্রেণীকে এইভাবে ক্রমান্বয়ে হীন নীচ ভাবে প্রতিষ্ঠা করবার প্রয়াস আমরা ভারতীয় ইতিহাসে দেখতে পাই।

পরবর্তী বৈদিক যুগে নারী তার আপন ভাগ্য জয় করবার অধিকার আরো বেশি করে হারিয়েছিল। ব্রাহ্মণ সাহিত্যে এবং সংহিতা সমূহে তার চিহ্ন অতিশয় স্পষ্ট। সেখানে কন্যার জন্মের জন্য শোক প্রকাশ এবং পুত্রের জন্য প্রার্থনা প্রকাশিত করা হয়েছে। একথা সত্য যে, শিক্ষায় ও চিন্তায় এ যুগের কোনো কোনো নারী যেমন গার্গী ও মৈত্রেয়ী চরম উৎকর্ষ লাভ করেছিলেন। দার্শনিক তত্ত্বালোচনায় অংশগ্রহণ করে তাঁরা ঋক-বৈদিক যুগের ঘোষা, অপালা প্রভৃতির ঐতিহ্যকে রক্ষা করেছিলেন, তাও মিথ্যা নয়। ধর্মাচরণে সে যুগের নারীদের পুরুষের সঙ্গে সমানাধিকারও স্বীকৃত সত্য। কিন্তু এই সব তথ্য প্রকৃত চিত্রকে খানিক অস্পষ্ট করলেও পুরোপুরি আড়াল করতে পারে না। তৎকালীন সমাজে নারীর অবমূল্যায়ন করেছিল, এ বিষয়ে সন্দেহ নেই।

আদিমযুগে নারীর ওপর পুরুষের প্রাধান্য প্রতিষ্ঠা ও তাঁকে অস্থাবর সম্পত্তি হিসাবে গণ্য করার প্রবণতা বৃদ্ধি পেতে থাকে। এই ধারণা থেকেই 'সতীপ্রথা'র উদ্ভব হয় ও প্রসার ঘটে। হেরোডোটাসের লেখায়, খ্রীষ্টপূর্ব পঞ্চম শতকে মধ্য এশিয়ার সিথিয়ানদের মধ্যে বিধবাদের দাহ করার দৃষ্টান্ত পাওয়া যায়। কিন্তু পরবর্তীকালে সেখানে এই প্রথার প্রচলন দেখা যায় না। সেই রকম প্রাচীন মিশরে মাতৃবংশীয় পরম্পরা চালু থাকলেও সেখানে রাজা অর্থাৎ ফারাওদের পরলোকযাত্রায় সঙ্গ দেওয়ার জন্য তাদের স্ত্রীদেরও কবর দেওয়া হত। তবে মিশরে রাজ পরিবারের বাইরে বিধবা দাহের ব্যাপক প্রচলনের কোনো প্রমাণ নেই। ভারতেই শুধু 'সতী' একটি নিয়মিত 'প্রথা' হিসাবে, বিশেষ করে রাজপুতদের মধ্যে বিকাশ লাভ করে। 'সতী'র সবচেয়ে পুরনো লৈখিক উল্লেখ খ্রীষ্টিয় ষষ্ঠ শতকের গোড়ার, পূর্বের নয়। পরবর্তীকালের লেখা থেকে অনেক দৃষ্টান্ত পাওয়া যায়। মধ্যপ্রদেশের পশ্চিমভাগ ও রাজস্থানে 'সতী স্মারক শিলা' আবিষ্কৃত হয়েছে। ভারতে বিশেষ করে প্রাচীন রাজপুত রাজ্যগুলিতে, 'সতী স্মারক শিলা' পাওয়া যায়। এর মধ্যে কিছু মধ্যপ্রদেশের চন্দেল্ল ও কলচুরি রাজ্যে দেখা যায় কিন্তু এদের অধিকাংশই পাওয়া যায় রাজস্থানে। রাজস্থানে 'সতী শিলা লিপি' প্রথা বিংশ শতক পর্যন্ত দেখতে পাওয়া গিয়েছে। ইতালীর ভারতত্ত্ববিদ এল. পি. টেমসিটারী বর্তমান শতকের দ্বিতীয় দশকে পূর্বতন বিকানীর ও জয়পুরে কর্মরত ছিলেন। তিনি বহুসংখ্যক 'সতী শিলালিপি' উল্লেখ ও সংকলন করেছিলেন। বিহারে উচ্চতর বর্ণ অধ্যুষিত গ্রামে 'সতীস্থান' নিঃসন্দেহে চোখে পড়ে। 'সতীস্থান গুলির সঙ্গে বিধবাদাহ সংক্রান্ত অনেক গল্পগাথা যুক্ত থাকে। এই পবিত্র স্থানগুলির মধ্যে কিছু হল এমন, বাস্তবে সেখানে সামাজিক চাপ অথবা পতির প্রতি চিরন্তন ও একান্ত নিষ্ঠার কারণে বিধবাগণ আত্মাহুতি দেয়। কারণ যাইহোক, 'সতীপ্রথা' বেশিরভাগই রাজপুতদের মধ্যে প্রচলিত ছিল, যদিও ব্রাহ্মণদের মধ্যেও 'সতী'র দৃষ্টান্তের অভাব নেই। বিশেষ করে রাজপুত পরিবারগুলির মধ্যে ও রাজস্থানে 'সতী প্রথা'র প্রচলন কেন ছিল তার অনুসন্ধান প্রয়োজন।

(৫) ধর্মশাস্ত্র ও পুরাণগুলির চিন্তাধারায় 'সতীদাহ'কে পবিত্র কর্ম বলা হয়। 'ব্যাসস্মৃতি'র নিদান অনুসারে কেবলমাত্র ব্রাহ্মণ নারীর (অন্য কোন বর্ণের নয়) অধিকার আছে নিজের স্বামীর চিতায় দগ্ধ হবার। এবং যদি সে জীবিত থাকে, তবে উত্তম বস্ত্র ও গহনা পরিত্যাগ করবে এবং তপস্যার দ্বারা শরীরকে শুদ্ধ করবে। এখানে একটি বিকল্প রয়েছে; বিধবা নারী তপস্বিনী হয়ে বেঁচে থাকতে পারতেন; পরাশরের 'ধর্মসূত্রে'ও বিকল্প ব্যবস্থার স্বীকৃতি রয়েছে; যে নারী স্বামীর মৃত্যুর পর তপস্যাচরণ করে থাকেন তিনি তপস্বীদের মতই স্বর্গলাভ করেন। কিন্তু তার একটু পরেই বলা হয়েছে মানুষের শরীরে সাড়ে তিন কোটি লোম থাকে, যে নারী মৃত্যুতেও তাঁর স্বামীকে অনুগমন করে, সে স্বামীর সঙ্গে তত বৎসরই স্বর্গবাস করে। এখানে অন্তর্নিহিত বক্তব্য এই যে জীবিত থাকার বিকল্প নিকৃষ্ট নারীর জন্যই প্রযোজ্য; সতী নারী সহমরণের পথ বেছে নেয় এবং স্বর্গে চিরকাল স্বামীসঙ্গ লাভ করেন। সদ্য বিধবাকে তার দুর্বল, বিহ্বলতার মুহূর্তে এই কথা বলা হত। 'দক্ষসংহিতা'তে বলা হয়েছে যে সতী নারী স্বামীর মৃত্যুর পর অগ্নিতে প্রবেশ করে সে স্বর্গে পূজা পায়। যে নারী স্বামীর চিতায় আত্মোৎসর্গ করে সে তার পিতৃকুল, স্বামীকুল উভয়কেই পবিত্র করে। 'হারীত সংহিতা'য় বলা হয়েছে এইভাবে 'সহমৃতা' নারী তার মাতৃকুল, পিতৃকুল ও স্বামীকুলকে পবিত্র করে। যজ্ঞবল্ক অবশ্য সহমরণকে অনুমোদন করেন না, সেখানে বলা হয়েছে স্বামীহারা পত্নীর দায়িত্ব নেবেন তাঁর পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, এমনকি মাতুল ভাইরা। অন্যথায় তার নামে নিন্দা হবে। 'বিষ্ণুধর্মসূত্র'র লেখক বলেন বিধবা নারী আজীবন কঠোর সংযম অভ্যাস করবেন। যদিও তিনি তাঁর স্বামীর চিতায় মৃত্যুও সমর্থন করেন। 'মহাভারত'-এর অর্বাচীন সংযোজিত অংশ 'মৌশল পর্ব'তে কৃষ্ণের চার স্ত্রী রুক্মিণী, রোহিণী, ভদ্রা ও মদিরা তাঁর চিতায় সহমৃতা হয়েছিলেন। এমনকি বাসুদেবের আট পত্নীও তাঁর মৃত্যুর পর সহমরণে গিয়েছিলেন। সাধারণত সকল শাস্ত্রকারই আত্মহত্যাকে হীন অপরাধ বলেছেন কিন্তু 'মিতাক্ষরা' ও 'অপরাক' ভাষ্যে বলা হয়েছে 'সতী'র ক্ষেত্রে অর্থাৎ 'সহমরণ'-এর ক্ষেত্রে আত্মহত্যা কোন অপরাধ নয়। অপরাক, অপস্তম্বকে উদ্ধৃত করে বলেছেন, যে নারী মায়াবশে ভ্রান্ত হয়ে চিতা থেকে নেমে আসে সে 'প্রজাপত্য' প্রায়শ্চিত্তের মাধ্যমে নিজেকে শুদ্ধ করতে পারে। এখানে লক্ষ্যণীয় যে, সমস্ত পৃথিবীতেই আত্মহত্যা নিজের প্রতি একটি হিংসাত্মক অপরাধ বলে গণ্য হয়। যদিও সব যুগেই এই সত্য পুরুষের ক্ষেত্রেই প্রযোজ্য, নারীর ক্ষেত্রে কিন্তু 'সতী'র মতো আত্মহত্যার ঘটনা কোন পাপ বা অপরাধ তো নয়-ই, বরং তা পুণ্যকর্ম।

রঘুনন্দন, স্মৃতিশাস্ত্রের নব্য মধ্যযুগীয় পণ্ডিত, অঙ্গীরসকে উদ্ধৃত করে বলেন "সেই নারী যে চিতারোহণ করে"। রঘুনন্দন অনুমোদন করেন যে বিধবার পক্ষে শ্রেষ্ঠপন্থা হলো মৃত স্বামীর চিতায় আরোহণ করা, কিন্তু তিনিও, যারা স্বামীর মৃত্যুর পরে বেঁচে থাকতেই চায় তাদের জন্য বিকল্প ব্যবস্থা রেখেছেন। তাঁর মতে, যে 'সতী' হয় সে হল শ্রেষ্ঠ, কিন্তু অন্যরাও থাকতে পারে, যারা শ্রেষ্ঠ নাহলেও বাঁচতে চায়, সে জন্য তাদের পাপী মনে করা উচিৎ নয়। 'ব্রহ্মপুরাণ' বলে যদি স্বামীর প্রবাসে মৃত্যু হয়ে থাকে তবে স্ত্রীর কর্তব্য স্বামীর পাদুকা বুকে ধরে অগ্নিপ্রবেশ করা। ব্যাসধর্মশাস্ত্র বলে যদি স্বামী এমন দূরত্বে মারা যায়, যে পথ এক দিনের, তবে যতক্ষণ না স্ত্রী সহমরণের জন্য উপস্থিত হচ্ছে ততক্ষণ দাহ করা উচিৎ নয়। বিভিন্ন শাস্ত্র গ্রন্থের মূল প্রতিপাদ্য সংক্ষেপে এই কথাই বলে : হয় তাকে স্বামীর সঙ্গে দাহ কর নতুবা তার জীবৎকালকে করে তোল জীবস্মৃত।

মানবিক মর্যাদার পক্ষে যা কিছু অতি গুরুত্বপূর্ণ আমাদের সমাজ তার সবকিছু থেকেই নারীকে বঞ্চিত করেছে : সুদূর বৈদিক যুগেই সে তার শিক্ষার অধিকার থেকে বঞ্চিত, জীবনের জন্য তার পাথেয় হল দৈহিক সৌন্দর্য,

যৌবন, সন্তান ধারণের যোগ্যতা। শূদ্রের মতোই সেও কেবল প্রভুর সম্পত্তি। এই পরিস্থিতিতে, শাস্ত্র নারীর জন্য একটিই ভূমিকার নির্দেশ দিয়েছে — পতিব্রতার ভূমিকা। কেবল এই কাজটিতে সফল হলেই একজন নারী জনগণের মনযোগ পেতে পারে। সার্থকতার উপায় হল স্বামী ও শ্বশুর কুলের সেবায় তাদের প্রসন্নতার জন্য নিঃশব্দ আত্মসমর্পণ। যদি সে প্রদীপের আলোয় আরো বেশি করে আসতে চায় তবে সেইভাবে গুরুত্ব পাবার উপায় হল 'সতী' হওয়া, পতিব্রতার জীবনের চূড়ান্ত পর্যায়। সমস্ত পুরাণগুলি এবং পরবর্তী সাহিত্যের অধিকাংশই 'সতী'র প্রশংসায় পঞ্চমুখ।

নারী নির্যাতনের অন্যান্য উপাদানের মতই এই সতীদাহের মূলও তারই অবচেতনার গভীরে প্রোথিত। এবং কুসংস্কারে লালিত অজ্ঞানে আচ্ছন্ন এই নারীর জন্য সমাজ কোন পালানোর রাস্তা খুলে রাখেনি। মাঝে মাঝে যদি দু-এক জন নারী সহমরণে না যান তবে তো 'সতীত্বের' গৌরবময় স্মৃতি জনচেতনায় মলিন হয়ে যাবে। এবং যদি মাঝে মাঝে সতীর স্মৃতিতে মন্দির, প্রার্থনাকক্ষ গড়া হয় তবে তো পুরোহিতদেরই ভবিষ্যৎ নিশ্চিত হয়। আর যুগ যুগ ধরে যে অতিকথা সোচ্চারে ঘোষিত হয়ে আসছে যে কেবলমাত্র কোন হিন্দু নারী তাঁর স্বামীর জন্য জীবন দিতে পারে (অন্যান্য ধর্ম ও সংস্কৃতিতে অনুরূপ উদাহরণগুলি অগ্রাহ্য করে এবং এই সব নারীদের 'সতী' আখ্যাও দেওয়া হয় না।) সেই দাবিও যুগে যুগে প্রমাণিত হয়েছে। সুতরাং মাঝে মাঝে কোন অভাগিনীকে পুড়িয়ে মেরে যদি 'সতীত্বে'র গৌরব শিখা অম্লান থাকে তবে সমাজের, বিশেষ করে পুরোহিত ও নীতিবাগীশদের স্বার্থ রক্ষিত হয়। 'বৃহৎসংহিতা'র যুগ থেকেই সমাজ এই অতিকথা ঘোষণা করে আসছে যে নারী তাঁর স্বামীর প্রতি ভালবাসার জন্যই সহমরণে যায়। এই মিথ্যার অবসান হওয়া উচিৎ। যদি স্বামীর প্রতি প্রেমে এক নারী আত্মহত্যা করে তবে কেন আজ পর্যন্ত কোন স্বামী তাঁর স্ত্রীর চিতায় আত্মহত্যা করে নি? এ তো হতে পারে না যে আজ পর্যন্ত কোন স্বামী তার স্ত্রীকে ভালোবাসেনি। যদি সতীদাহের ভিত্তি হতো প্রেম, তবে আমরা অবশ্যই কিছু কিছু ঘটনা দেখতে পেতাম যেখানে মৃত স্ত্রীর সঙ্গে স্বামীও সহমরণে গিয়েছেন।

(৬) এইভাবে 'সতীপ্রথা'র নামে নারকীয়, নৃশংস হত্যালীলা চলেছে ভারতীয় সমাজে সুদীর্ঘকাল ধরে। অবশেষে রাজা রামমোহন রায়ের উদ্যোগে ও সক্রিয় প্রতিবাদে এই অমানবিক নিষ্ঠুর প্রথাকে লর্ড উইলিয়াম বেন্টিক নিষিদ্ধ করেন ১৮২৯ খ্রীষ্টাব্দে সরকারি আইন করে। তবে সরকারি আইনের বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে ওঠে কিন্তু বেন্টিক তার সিদ্ধান্তে অটল থাকেন। সরকারী বিধিনিষেধ জারি হওয়ার ফলে সতীদাহের ঘটনা আস্তে আস্তে কমতে থাকে।

(৭) সরকারী বিধিনিষেধ এবং রাজা রামমোহন রায়ের আন্দোলনের ফলেও সতীপ্রথা আরো ১০০ বছরেরও বেশি কাল ব্যাপি ভারতীয় সমাজে কঠোরভাবে বলবৎ থাকে। সতীদাহ বিরোধী আন্দোলনের প্রাণপুরুষ রামমোহন রায় বুঝেছিলেন যে নারীই ভারতবর্ষে মধ্যযুগীয় অজ্ঞতা ও কুপণ্ডুকতার প্রতীক এবং পুরুষের শক্তি ও স্বার্থের হাত থেকে তাকে মুক্তি দিতে পারলেই নতুন যুগের প্রতিষ্ঠা হবে যথার্থ। ধর্মীয় স্তরে তত্ত্বগতভাবে মানুষ যে মহিলার অধিকারী তাকে সামাজিক স্তরে বস্তুগতভাবে আয়ত্ত করতে হলে প্রথমেই চায় নারীর স্বাতন্ত্র্যের ও স্বাধীনতার স্বীকৃতি এবং তাতেই মানুষের আত্মমহিমার প্রথম উপলব্ধি।

(৮) এই উপলব্ধি থেকেই রামমোহন রায় সতীপ্রথার বিরুদ্ধে নারীমুক্তি আন্দোলনে অংশ গ্রহণ করেন এবং সতীপ্রথা ব্রিটিশ সরকার আইন করে নিষিদ্ধ করেন।

সরকারিভাবে সতীপ্রথা নিষিদ্ধ হলেও ভারতবর্ষের প্রত্যন্ত অঞ্চলে চোরাগোপ্তাভাবে এই নারী হত্যা চলতেই থাকে। গত একদশক পূর্বেও ভারতের সংবাদপত্রের পাতায় সতীদাহের সংবাদ খুব বেশি বিরল ছিল না।

তথ্যসূত্র :

১। চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায়, 'বঙ্গ-প্রসঙ্গ', আনন্দ পাবলিশার্স, কলকাতা, প্রথম পরিবর্ধিত ও পরিমার্জিত আনন্দ সংস্করণ, এপ্রিল ২০০১, পৃষ্ঠা - ১৫৪।

২। রোমিলা থাপার, 'ভারতবর্ষের ইতিহাস', ওরিয়েন্ট লংম্যান, ষষ্ঠ মুদ্রণ, ২০০০, পৃষ্ঠা - ২৩।

৩। সুকুমারী ভট্টাচার্য্য, 'প্রাচীন ভারতে নারী ও সমাজ', ভাষান্তর : বিজয়া গোস্বামী, নীলাঞ্জনা শিকদার দত্ত, করুণাসিন্ধু দাস, ন্যাশনাল বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, পৃষ্ঠা - ১৩৬।

ঔরাঙ্গজেব-দুহিতা জেবউন্নিসা

দোলনচাঁপা ঘোষ
অধ্যাপিকা, ইতিহাস বিভাগ, জঙ্গিপুর কলেজ

মোঘল সম্রাট ঔরাঙ্গজেব ও সাম্রাজ্ঞী দিলরুস বেগমের কন্যা জেবউন্নিসা। শৈশবে ঔরাঙ্গজেব মেয়েকে গড়ে তুলতে চেয়েছিলেন অন্য ভাবে। মেয়েদের পড়াশুনা বন্ধ, দরবার থেকে কবি, গায়কদের তাড়িয়ে দেওয়া - এসব ঔরাঙ্গজেবি শাসন-কায়দা জেব উন্নিসার বেলায় ছিল শিথিল। সম্রাট মেয়ের জন্য হাফিজা মরিয়মকে গৃহশিক্ষিকা নিযুক্ত করেন। হাফিজার কাছে পড়তে পড়তে বছর চারেকের মধ্যেই আরবি আয়ত্ত করে ফেলে শিশু জেবউন্নিসা। মাত্র সাত বছর বয়সে পুরো কোরান কণ্ঠস্থ করে 'হাফিজ' হয়ে গেল সে। মেয়ের সাফল্যে তখন রীতিমতো গর্বিত সম্রাট। প্রাণের জেব এর সম্মানে দিল্লীর ময়দানে সেনাবাহিনীর কুচকাওয়াজ করালেন। রাজকোষ থেকে প্রায় ৩০ হাজার স্বর্ণমুদ্রা বিলিয়ে দিলেন গরিব প্রজাদের মধ্যে। উৎসব পালন করতে দুদিনের সরকারি ছুটি ঘোষণা করে দিলেন।

মেয়ের সঙ্গে আরবি, ফার্সিতে, নিয়মিত ধর্মতত্ত্ব নিয়ে চিঠি চালাচালিও হতে লাগলো ঔরাঙ্গজেবের। অথচ এই ঔরাঙ্গজেবই কিনা অন্দরমহলে ধর্ম নিয়ে কথাবার্তাও এক প্রকার নিষিদ্ধই করে দিয়েছিলেন প্রায়। শুধু শিক্ষায় অবশ্য মন ভরত না কন্যের শুরু করলেন কবিতা চর্চা। নিজের মহলে মুশায়েরা বসালেন। কবির লড়াই হল। সে লড়াইয়ে এসেছিলেন নাসের আলি বেহরাজ, ওয়ালিউল্লাহের মত সেই সময়ের বিখ্যাত সব কবি। কবিতা লিখে নাম কুড়াতে লাগলেন রাজকন্যা নিজেও। গৃহশিক্ষিকা হাফিজা তাঁর ছাত্রীর কবিতার মধ্যে খুঁজে পেলেন 'গোটা ভারতবর্ষ'। তাঁর কবিতায় উৎসাহ জোগালেন আরেক মাষ্টার-মশাই শাহ রুস্তম গাজিও। এমনকি কবিতা প্রেমী মেয়েকে উৎসাহ দিতে লাগলেন সম্রাটও। পারস্য, কাশ্মীরের শ্রেষ্ঠ কবিদের ডাক পাঠালেন দরবারে। সবই মেয়ের জন্য। এমনিতে ঔরাঙ্গজেব ছিলেন কবিতা-গানের ঘোরতর বিরোধী। এত কিছুর পরেও বড় হয়ে কিন্তু বাবার সঙ্গে যেন ঠিক হৃদ্যতা জমল না মেয়ের। দরবারি মহলে জেবউন্নিসা বারবার ছুটে যেতেন তাঁর জ্যাঠামশাই দারা শিকোর কাছে। দারা কাব্য দর্শনে সুপন্ডিত। ভাইঝির বেশ কিছু গজল তিনি নিলেন সংকলিত লেখার গ্রন্থ 'দিওয়ান-এ দারা শিকো'য়। জেঠু-ভাইঝির এই সম্পর্ক ভাল চোখে দেখতেন না ঔরাঙ্গজেব। সময় যতই গড়াতে লাগল, বাবা মেয়ে যেন একে অন্যের থেকে কেবলই দূরে সরে যেতে লাগলেন।

একবারের ঘটনা যেমন বাগানে পায়চারি করছেন জেবউন্নিসা, হঠাৎ বান্ধবীদের বললেন, 'জীবনে সুখী হওয়ার জন্য সুরা, ফুল, নদীর স্রোত আর অনাহুত প্রেমিকের মুখে থাকা খুব দরকার'। কথার মাঝে আচমকা পিতার আগমন, এবার বাবার মন রাখতে জেবউন্নিসা বলে ওঠেন, 'জীবনে সুখী হতে দরকার প্রার্থনা, উপবাস, কান্না ও অনুতাপ'। এওতো এক রকম আড়াল-আবডাল ছিল তাতে। দিনে দিনে তাও খসে গেল। শুরু হল সরাসরি সংঘাত। দাদু শাহজাহানের ইচ্ছায়, জেবউন্নিসার সঙ্গে দারা শিকোর ছেলে সুলেমান শেখের বাগদান হয়ে গেল। বিয়েটা কিন্তু হল না। শোনা যায় তাতে ঔরাঙ্গজেবের হাত ছিল। সুলেমানকে হারালেন জেব। তবু প্রেম তাঁর হারায়নি। জেবউন্নিসার অন্য সব প্রার্থীর মধ্যে মির্জা ফারুক ছিলেন একেবারে প্রথম সারিতে। তিনি

পারস্যের শাহ আব্বাসের পুত্র। জেবউন্নিসার ডাকে ফারুক দিল্লী চলে এলেন। দিল্লীর একটি বাগান বাড়িতে দেখা হল দুজনের। ঘনিষ্ঠ মুহূর্তে ফারুক যখন জেবউন্নসাকে চুম্বন করতে যাবেন, থামলেন রাজকন্যা। প্রত্যাখ্যান। আচম্বিতে প্রেমিকার এমন ব্যবহার ফারুককে স্তম্ভিত করেছিল। পাথরের মতো কিছুক্ষণ দাঁড়িয়ে থেকে ফিরে গেলেন তিনি। দিল্লী ছাড়লেন না। নগরের এক আবাস থেকেই 'প্রেমিকা' জেবউন্নিসাকে চিঠি লিখলেন ফারুক, 'এই প্রেমের মন্দির ত্যাগ করতে পারব না। একাকীত্বের আনন্দ উপভোগ করে যাব শুধু'। প্রত্যুত্তরে জেবউন্নিসা মির্জাকে ঠাট্টা করলেন 'শিশু' বলে। লিখলেন, 'বিচ্ছেদের আগুনই আসল ভালবাসা'। 'প্রেমিক'কে এত রূঢ় প্রত্যাখ্যান কেন করেছিলেন তিনি কেউ তা জা নে না আজও। হয়তো এই জন্যই ইতিহাস তাঁকে বারবার চিনে এসেছে রহস্যময়ী হিসেবেই। ভাঙা মন নিয়ে ফারুক ফিরে গেলেন নিজের দেশে, খসে গেলেন তিনি জেবের জীবন থেকে।

প্রেমে পড়েছেন বারবার, কিন্তু জীবনসঙ্গী বেছে নিতে জেবউন্নিসা বরাবরের খেয়ালি। একদিকে জীবনচর্চায় তাঁর ছিল উদার হাওয়া, অন্যদিকে পর্দার ওপারে মুঘল নারীর আড়ালটুকু ছিল তাঁর পছন্দ। জীবন আর ভাবনার এই বৈপরীত্যর যোগফল যেন জেবউন্নিসা।

ছদ্মনাম নিলেন 'মাকফি', আড়াল।

জেবউন্নিসার প্রিয়তম কবি ছিলেন সিরহিন্দের নাসের আলি, ওঁর আড়ালপ্রিয়তা নিয়ে একবার তিনি বলে ফেলেন, "পর্দা ওঠাও জেব, যদি উপভোগ করতে চাও সৌন্দর্য্য"।

প্রত্যুত্তরে জেবউন্নিসা আড়াল থেকেই শুধু লিখেছিলেন "আমার কবিতাই আমার পরিচয়"।

অবশেষে কবিতা দিয়েই রহস্যময়ী জেবউন্নিসাকে জিতে নিতে এলেন লাহোরের এক প্রাদেশিক শাসনকর্তার পুত্র আকিল খান। তাঁর পরিণতি আরও নির্মম। সৌন্দর্য্য, বীরত্বের জন্য প্রসিদ্ধ আকিল ছিলেন কবিতার ও বড় সমঝদার। জেবউন্নিসার কবিতার সঙ্গে আগেই পরিচয় ছিল তাঁর। কিন্তু তাঁর প্রেম নিবেদন, জেবকে তাঁর জীবনে পাওয়া আর না-পাওয়াও যেন এক অশ্রুতপূর্ব কাহিনি।

অসুস্থ ঔরাঙ্গজেব তখন হাওয়া বদলের জন্য সপরিবারে লাহোরে। খবর পেয়ে আকিল নগর রক্ষী সেজে রাজ কন্যার প্রাসাদের চারপাশে ইতিউতি ঘোরাঘুরি শুরু করলেন। আচমকা একদিন ভোরে প্রাসাদের ছাদে দেখাও মিলল জেবউন্নিসার। প্রথম আবির্ভাবেই জেবউন্নিসাকে গালনারের সঙ্গে তুলনা করলেন আকিল। গালনার, আফগানি ফুল। রাজকন্যা অবশ্য আকিলকে বিশেষ পাত্তা দিলেন না। উল্টে একটু কঠিনই শোনাল তাঁর উত্তর "মিনতি, স্তব, সম্পদ অথবা ক্ষমতা দিয়ে আমাকে জেতা সম্ভব নয়।"

হাল ছাড়লেন না আকিল। একদিন তাঁর কাছে খবর এল জেবউন্নিসা বান্ধবীদের সঙ্গে একটি নির্মীয়মান বাগান বাড়ীতে গিয়েছেন। আকিল মাথায় চুন সুরকির ঝুড়ি নিয়ে মজুরের ছদ্মবেশ ধরে মূল ফটক পার করার অনুমতিও জোগাড় করলেন। আকিল দেখলেন বাগানবাড়ির বরান্দায় বান্ধবীদের সঙ্গে 'চৌসার' (পাশা) খেলায় ব্যস্ত জেব। মজুরের বেশধারী আকিল উদগ্রীব হয়ে প্রেম নিবেদন করে বসলেন জেবকে। "তোমার সঙ্গ পেতে ধুলোর মতো সারা পৃথিবী ঘুরে বেড়াচ্ছি"। ছদ্মবেশীকে জেব চিনতে পেরে দ্রুত বলে উঠলেন, ধুলো বা বাতাস আমার কেশাগ্রও স্পর্শ করতে পারবে না। এরপরে কী করে যেন দ্রুত জেবউন্নিসার বীতরাগ বদলে গেল অনুরাগে।

মেয়ের এই ঘনিষ্ঠতার খবর ঔরঙ্গজেবের কানে পৌঁছল হাওয়ার গতিতে। এবার যেন আর আপত্তি নয়। মেয়ের পছন্দকেই স্বীকৃতি দিলেন সম্রাট।

জেবউন্নিসা আকিলকে দিল্লী আসতে বললেন। কিন্তু তার মধ্যেই এক অজ্ঞাত পরিচয় ব্যক্তি আকিলকে খবর দিলেন, দিল্লীতে তাঁর জন্য মৃত্যু ফাঁদ অপেক্ষা করছে। শুনে প্রচন্ড ভয় পেলেন আকিল। জেবউন্নিসাকে জানিয়ে দিলেন, এ বিয়ে করতে তিনি অপারগ। তার পরেও না জানি কেন, আকিল লুকিয়ে দিল্লী চলে এলেন। ফের দেখা হল দুজনের। বাগানবাড়িতে গল্পে মসগুল জেব-আকিল। আচমকা ঔরাঙ্গজেবের আসার খবর পাওয়া গেল। হঠাৎ কোনো এক আশঙ্কায় জেবউন্নিসার মনে 'কু' ডাকল, সামনেই ছিল জল রাখার ডেকচি। সেটি দেখিয়ে আকিলকে তক্ষুনি তার ভিতরেই লুকিয়ে পড়তে বললেন। এদিকে গোপন সুত্রে আকিল আসার খবর পেয়েছেন ঔরাঙ্গজেব। মেয়েকে দেখেই বললেন 'কি আছে ডেকচিতে?" ভীত সন্ত্রস্ত জেব কোনও ক্রমে উত্তর দিলেন, 'গরম করার জল'। ঔরাঙ্গজেব হুকুম দিলেন ওটি ঊনুনে চাপিয়ে দেওয়া হোক। কথিত আছে জেবউন্নিসা তখন ডেকচির কাছে গিয়ে অত্যন্ত ধীর স্বরে বলেছিলেন "সত্যিই যদি ভালোবেসে থাকো, তবে চুপ থেকো" মৃত্যু শিয়রে দাঁড়িয়ে প্রেমিকের, তবু এটুকুই তাঁর উচ্চারণ। জেবউন্নিসা এমনি ছিলেন। পরে তাঁর একটি কবিতায় আকিলের কথা লিখেছিলেন তিনি। সেখানে আকিল যেন প্রশ্ন করছেন, "প্রেমিকের ভাগ্যে কী লেখা আছে?" কবিতাতেই তাঁর উত্তর দিচ্ছেন জেবউন্নিসা —

"পৃথিবীর তৃষ্ণার জন্য আত্ম বলিদান" আকিল চলে যাওয়ার পর জীবনটা আরো যেন অন্যরকম হয়ে গেল জেবের। রাজকন্যা সুলভ তো নয়ই, বরং অনেক বেশী করে সাধিকার মতো। নিজেকে পড়াশোনা আর দানধ্যানের মধ্যেই ডুবিয়ে দিলেন - তিনি। নিজের বাৎসরিক খোরাকির চার লক্ষ টাকার বেশির ভাগটাই বিলিয়ে দিতেন পন্ডিত, অনাথ শিশু ও বিধবাদের মধ্যে। মক্কা, মদিনার তীর্থযাত্রীদের জন্য টাকা খরচ করতেও কসুর করতেন না।

নিজের উদ্যোগ নিয়ে তৈরি করলেন একটি গ্রন্থাগার। সেখানে মাসমাইনে দিয়ে লিপিকরদের রাখলেন পুঁথি নকল করতে। জেবউন্নিসা নিজেও ছিলেন একজন লিপিকর।

মোল্লা সফিউদ্দিন তাঁর পৃষ্ঠপোষকতাতেই কোরানের আরবি ভাষা ফার্সিতে অনুবাদ করলেন। শোনা যায় জেবের কাছে কাশ্মীরি পুঁথির একটি বড় সংগ্রহ ছিল। যার একটা বড় অংশ ছিল হিন্দু শাস্ত্রীয় গ্রন্থ।

দরবারের লোকজন অবাক হয়ে চেয়ে দেখতে লাগলেন, রাজকন্যা দিনে দিনে যে সাধিকার বেশ ধরছেন। সাজগোজ করেন না চোখে কাজল টুকুও দেন না। অলঙ্কার বলতে শুধু গোলাপি মুক্তোর মালা, পরনের পোশাকের রং সাদা। সাদামাটা পোশাকই ছিল তাঁর বেশ।

দরবারের কোনো কিছুর প্রতিই আর আসক্তি রইল না। শুধু প্রাণের চেয়েও বেশি ভালবাসতেন ভাই মহম্মদ আকবরকে। সেই ভালবাসাই কাল হল। আকবর বাবার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করলেন। কিছু দিনের মধ্যেই আজমীরের কাছে মুঘল সেনারা তাঁকে পরাজিত করল। আকবরের শিবির থেকে পাওয়া গেল জেবউন্নিসার একাধিক গুপ্ত চিঠি। ঔরাঙ্গজেব আর সইতে পারলেন না। মেয়েকে কুড়ি বছরের জন্য সেলিমগড় কেল্লার জেল খানায় আটক করলেন। অথচ কোনও এক সময় দরবারে কোনও সমস্যা সমাধানে এক মেয়েকে সব থেকে বেশি ভরসা করতেন ঔরাঙ্গজেব। রাজকন্যার যেকোন সিদ্ধান্তে শুধু দরবারি সিলমোহরই পড়তনা, তা পাঠিয়ে

দেওয়া হত দেশের বিভিন্ন অঞ্চলে। জেলে থাকার দিনগুলি জেবউন্নিসার কাটত কবিতা নিয়ে। দীর্ঘ কুড়ি বছর হাজতে কাটালেন। সেখানেই তাঁর মৃত্যু হয়। ঔরাঙ্গজেব মেয়ের সৎকার ধূমধামের সঙ্গেই করেছিলেন। পিতৃ হৃদয়ের মর্মবেদনার থেকে প্রচারসর্বস্বতাই ছিল এর লক্ষ্য। পিতা-পুত্রির বাৎসল্য-প্রতি বাৎসল্যের গভীরতা তো দূরের কথা সম্পর্কটি শেষের দিকে দাঁড়িয়েছিল প্রবল বাদী-বিবাদীর সে জায়গা থেকে অতিরিক্ত ঘটা করে কন্যার মৃত্যুর পর তাকে স্মরণ বা সম্মাননা জানানোর মধ্যে আত্ম-প্রতারনা ছাড়া আর কিছু থাকে না। তবে পিতৃ হৃদয়ের যে, স্নেহের ফল্গুধারা যা জেবউন্নিসার প্রতি বর্ধিত হয়েছে অন্তঃসলিলা হয়ে হয়ত বা বহমান ছিল যার বহিঃপ্রকাশ ঘটেছে কন্যার মৃত্যু পরবর্তী ক্রিয়া কর্মের মধ্যে।

তথ্যসূত্র :

মোঘল বিদূষী, ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

সাদা কালো ছবি

আশিস রায়
প্রাক্তন অধ্যাপক, বাংলা বিভাগ

দিনটা এখনো মনে আছে। দু'হাজার সাতের বাইশে ফেব্রুয়ারি। তখন কলকাতায়। মোহিতবাবুকে টেলিফোনে বললাম — "দুপুরের আগেই তোমার সঙ্গে দেখা করতে যাব। তখন ফ্ল্যাটে থাকবে তো? চল্লিশ বছর পর দেখা হবে — দেখলে চিন্‌তে পারব তো?" জবাব দিলেন — "আমি এখন বাড়ির কড়ি-বরগার মতো হয়ে গিয়েছি। যখন আসবে তখন ফ্ল্যাটে আমি একা-ই থাকব - তুমি এলে আমিই দরজা খুলে দাঁড়াব কিন্তু ভুলেও জিগ্যেস কোরো না — "আপনি মোহিতবাবু তো?"

সিটি কলেজ থেকে এক যুগ আগে রিটায়ার করেছেন - কিছুতেই পেনশনটা হচ্ছে না। জঙ্গিপুর কলেজ থেকে একটা জয়েনিং রিপোর্ট পাওয়া দরকার। অনেক অনুনয় করে আমাকে চিঠিতে লিখলেন — "তুমি যদি কলেজে গিয়ে একটু চেষ্টা করো তাহলে ঝঞ্ঝাটটা মিটে যায়।" বার কয়েক কলেজে গেলাম। অফিস বলল কোন্ বছর জয়েন করেছিলেন না জানতে পারলে কিছুই করা যাবে না। সে কথা জানিয়ে মোহিতবাবুকে চিঠি দিলাম। উত্তরে লিখলেন — "সাল মাস কিছুই মনে নেই আমার — শুধু মনে আছে তখন শীতকাল ছিল আর কলেজে যেদিন প্রথম ঢুকি সেদিন একটা ষাঁড় কলেজ-গেটের পাশে দাঁড়িয়েছিল।"

এই আমার চেনা মোহিতবাবু।

চল্লিশ বছর পরে যখন দেখা হল তখন আমাদের সেই চেনা মানুষটাকে খুঁজে পেলাম না। কালো পাড়ের তাঁতের ধুতি-পরা মোহিত বাবুর পরনে পাজামা। চারমিনার সিগারেট ছেড়েছেন - জর্দার সঙ্গে পান ধরেছেন। মাথাভর্তি কালো কোঁকড়ানো চুল তখন উধাও। জিগ্যেস করলাম — "জঙ্গিপুর কলেজের কথা - আমাদের কথা আর কি তোমার মনে পড়ে?" কথার উত্তর না দিয়ে উঠে দাঁড়িয়ে পাশের ঘরে চলে গেলেন। পরক্ষণেই ফিরে এলেন। হাতে একখানা ছোট্ট সেকেলে সাদা-কালো ফটোগ্রাফ। হাতে দিয়ে বললেন — "দ্যাখো এটা।" তাকিয়ে দেখি চৌষট্টি সালে তোলা একখানা ছবি। ছবিতে তিনজন মানুষ। চিনতে কষ্ট হল না। আমাদের কলেজের বাংলার স্যার কালীবাবুর জঙ্গিপুরের বাসার চিলে-কোঠার দরজার মুখে ওঁর দুপাশে বসে আছি মোহিতবাবু আর আমি। অবাক হয়ে মোহিতবাবুর মুখের দিকে তাকাতেই বললেন — "ফটোটা আমার বিছানায় তোশকের নিচেই থাকে - ওটা আমার কাছে তাজমহলের চেয়েও দামি।"

দু'হাজার সাতের পর প্রায় দশ বছর কেটে গেছে। ঐ ছোট সাদা-কালো ছবিটা মোহিতবাবুর বিছানার নিচে এখনো রাখা আছে কিনা কে জানে!

দরজিপাড়ার হালহকিকত : একটি সমীক্ষা

মানব সভ্যতার অগ্রগতির অন্যতম চিহ্ন তার পোশাক-পরিচ্ছদ। প্রকৃতিগত আবহাওয়ার অনিবার্য প্রভাব শিরোধার্য করে মানুষ ঘরবাড়ির সঙ্গে সঙ্গে পোশাক নির্বাচন করেছে। সেই জন্য আমরা মানুষের অন্যান্য সংস্কৃতির মতো পোশাক-সংস্কৃতির বৈচিত্র্য লক্ষ্য করি। গ্রীষ্ম প্রধান দেশের এক রকম পোশাক, শীত প্রধান দেশের আবার অন্যরকম। বৃষ্টিপ্রবণ এলাকায় এক রকম, আবার মরু অঞ্চলে অন্যরকম। তবে বর্তমান বিশ্বায়িত দুনিয়ায় আর প্রকৃতি নয়, বহুজাতিক কোম্পানী অন্যান্য কিছুর মতো মানুষের পোশাক নির্বাচন করে দিচ্ছে। শীত-গ্রীষ্ম-বর্ষা, পাহাড়-সমতল-মরুভূমি নির্বিশেষে একই রকম পোশাক বিক্রি করতে পারলে তাদের মুনাফার অঙ্ক বাড়ে। হচ্ছেও তাই। সেই পোশাক যাঁরা তৈরি করেন তাঁদের জীবন ও জীবিকা নিয়ে আজকের প্রতিবেদন। বলাবাহুল্য বড়ো কোম্পানীর পোশাক কারখানার কারিগর কিংবা শহরের বড়ো বড়ো টেলারিং শপ আমাদের আলোচনায় আসলেও প্রধান্য পাবে নিম্ন বা নিম্ন-মধ্যবিত্তের সাধারণ দরজি।

